

Report of the Board of Directors

পরিচালনা পর্ষদের প্রতিবেদন

In the name of Allah

The Most Gracious, the Most Merciful

Dear Shareholders,

Assalamu Alaikum Wa Rahmatullah Wa Barakatuhu.

We are delighted to present before you the Directors' Report and Audited Financial Statements together with Auditors' Report of the Bank for the year ended 31 December 2015. We have also provided a brief description of the performance and affairs of the Bank for the same year as well as various aspects of the world market trend with highlights of the performance of Bangladesh economy.

World Economy

The world economy continued to disappoint in 2015 as global growth rate fell-down than expectations and declined to 2.4 percent from 2.6 percent in 2014. Such disappointing performance was mainly due to slow down of economic activities in emerging and developing countries amid post-crisis low commodity prices, restrained global trade, stretches of financial market volatility and weakening capital flows. Emerging market economies had been an engine of global growth during the 2000s, especially after the 2007-08 global financial crisis. Growth in emerging market and developing economies while still accounting for over 70 percent of global growth declined for the fifth consecutive year, while a modest recovery continued in advanced economies. Despite a modest recovery in high-income countries, global growth slowed down in 2015, as developing-country growth dipped to a post-crisis low. The recovery in major high-income countries gained traction last year. This had been increasingly driven by stronger domestic demand, particularly in the United States, where employment conditions were robust. In the Euro Area, credit growth was improving and unemployment was declining. The recovery remained fragile in Japan despite substantial policy stimulus. With external demand negatively affected by a slowdown in large emerging market economies, growth forecasts across major high-income economies in 2016 had been shaded down, but growth should still show some improvement from 2015.

মহান আল্লাহ তা'আলার নামে

যিনি পরম করুণাময় ও অসীম দয়ালু।

প্রিয় শেয়ারহোল্ডারবন্দ,

আসসালামু আলাইকুম ওয়ারাহুমাভুলাহু ওয়া বারাকাতুহু।

আমাদের জন্য এটি অত্যন্ত আনন্দের বিষয় যে, ব্যাংকের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী, নিরীক্ষা প্রতিবেদন ও পরিচালনা পর্ষদের প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি। পাশাপাশি ব্যাংকের উক্ত বছরের উল্লেখযোগ্য কার্যক্রম ও বিভিন্ন কর্মতৎপরতাসহ বাংলাদেশ ও বিশ্ব অর্থনীতির বিভিন্ন উল্লেখযোগ্য দিকগুলোও সংক্ষিপ্তভাবে এই প্রতিবেদনের মাধ্যমে আপনাদের নিকট উপস্থাপন করছি।

বিশ্ব অর্থনীতি

বিশ্ব অর্থনীতি ২০১৫ সালেও অব্যাহতভাবে হতাশ করেছে এবং বৈশ্বিক প্রবৃদ্ধি আবারও প্রত্যাশার চেয়ে কম অর্থাৎ ২.৪ শতাংশ অর্জন করেছে যা ২০১৪ সালে ছিল ২.৬ শতাংশ। এ হতাশাজনক ফলাফলের কারণ হচ্ছে উদীয়মান ও উন্নয়নশীল অর্থনীতির অব্যাহত মন্দা এবং মন্দা পরবর্তী পণ্যের নিম্নমূল্য, সংকুচিত বিশ্ব বাণিজ্য, অস্থির আর্থিক বাজার এবং দুর্বল মূলধন প্রবাহ। ২০০০ সালের পর হতে বিশেষভাবে ২০০৭-২০০৮ সালের অর্থনৈতিক মন্দা পরবর্তী সময়ে উদীয়মান অর্থনীতিই বৈশ্বিক প্রবৃদ্ধির চালিকা শক্তি হিসেবে আবির্ভূত হয়। এই উদীয়মান ও উন্নয়নশীল অর্থনীতির অবদান বৈশ্বিক প্রবৃদ্ধিতে ৭০ শতাংশ, যদিও এই দেশগুলোর অর্থনৈতিক কার্যক্রম পরপর পঞ্চম বছরের মতো মন্দাক্রান্ত। অন্যদিকে উন্নত অর্থনীতি কিছুটা পুনরুদ্ধারের মধ্য দিয়ে যাচ্ছে। উচ্চ আয়ের দেশগুলোতে এ মন্দা কিছুটা পুনরুদ্ধার হওয়া সত্ত্বেও ২০১৫ সালে বৈশ্বিক প্রবৃদ্ধি ছিল ধীরগতির, যার প্রধান কারণ হচ্ছে উন্নয়নশীল অর্থনীতিতে মন্দা পরবর্তী সময়ে নিম্ন প্রবৃদ্ধি। উচ্চ আয়ের প্রধান দেশগুলোতে গত বছর অর্থনৈতিক পুনরুদ্ধার গতি পেয়েছে। শক্তিশালী অভ্যন্তরীণ চাহিদাসহ মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মসংস্থানে তেজীভাব ফিরে আসা এ অর্থনৈতিক পুনরুদ্ধারে অবদান রেখেছে। এছাড়াও ইউরোজোনে ঋণের চাহিদা বৃদ্ধি পেয়েছে এবং বেকারত্বও কমেছে। যদিও জাপানে উল্লেখযোগ্য উদ্দীপনামূলক নীতি দেয়া সত্ত্বেও পুনরুদ্ধার প্রক্রিয়া যথেষ্ট নাজুক। বৈশ্বিক নিম্ন চাহিদা নেতিবাচকভাবে প্রধান উদীয়মান দেশগুলোর প্রবৃদ্ধিকে প্রভাবিত করছে এবং তা উচ্চআয়ের দেশগুলোর ২০১৬ সালের প্রবৃদ্ধির প্রাক্কলনে প্রভাব ফেলেছে। যদিও কিছু ক্ষেত্রে ২০১৫ সালের চেয়ে ভাল হওয়ার সম্ভাবনাও জাগিয়ে রাখছে।

GDP Growth					
	2013	2014	2015	2016	2017
World	2.4	2.6	2.4	2.9	3.1
USA	1.5	2.4	2.5	2.7	2.4
Euro Area	-0.2	0.9	1.5	2.7	2.4
Developing Countries	5.3	4.9	4.3	4.8	5.3

Source: World Bank

Global growth is projected to edge up in the coming years reaching 2.9 percent in 2016 and 3.1 percent in 2017. This pickup is predicated on continued gains in major high-income countries, a gradual tightening of financing conditions, a stabilization of commodity prices, and a gradual rebalancing in China.

The upturn in 2016 and 2017 is projected to be slower pace than previously anticipated. Global inflation is expected to rise moderately in 2016 as commodity prices level off, but will remain low by historical standards. Solid growth in the United States and a slight pickup in the pace of Euro zone and Japanese economic activity, along with an expected easing of recessionary pressures in Brazil and Russia, are among the reasons for this moderately upbeat assessment. In the same vein, low oil prices and more monetary stimulus in particular, from the European Central Bank (ECB), the People's Bank of China, and the Bank of Japan will not only support growth, but could also provide the basis for some upside surprises. Unfortunately, there is no shortage of downside risks, including high public and private sector debt levels, corporate risk aversion, further weakness in China and other emerging markets, and daunting geopolitical risks. This means that the probability of the global economy being stuck in low gear for another year is still uncomfortably high.

Bangladesh Economy

Despite global headwinds and episodes of domestic unrest, Bangladesh has had a strong macroeconomic performance in 2015, registered GDP growth 6.5%. The Bangladesh economy is showing resilience, while the fundamentals signify impressive growth prospects for Bangladesh. The year 2015 is marked promising feats for Bangladesh with achievement of the Millennium Development Goals (MDG) and escalation from the low-income country status to lower-middle income country as per the World Bank's classification. The economy gained momentum from the beginning of the new fiscal year and appears to have laid a solid foundation. With the achievement of country's growth rate in excess of 6 percent over the last five years, the focus has now been shifted to the next level, forecasting the growth rate to 8 percent by 2020 as envisaged under the country's seventh five-year plan.

আশা করা যাচ্ছে বৈশ্বিক প্রবৃদ্ধি ২০১৬ সালে ২.৯ শতাংশ এবং ২০১৭ সালে ৩.১ শতাংশ হবে। উচ্চ আয়ের দেশগুলোর অর্থনীতিতে গতি ফিরে আসা, অর্থায়ন পরিস্থিতির ক্রমশ উন্নয়ন, স্থিতিশীল পণ্যমূল্য এবং ধীরে ধীরে চীনের অর্থনৈতিক কাঠামো পরিবর্তনকে বিবেচনায় নিয়ে এই প্রাক্কলন হিসাব করা হয়।

২০১৬ ও ২০১৭ সালের প্রবৃদ্ধির প্রাক্কলন আগের প্রাক্কলনের চেয়ে কম হবে। ২০১৬ সালে বৈশ্বিক মুদ্রাস্ফীতি সামান্য বাড়বে যদিও তা পূর্বের গড়ের চেয়েও কম থাকবে বলে আশা করা যাচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্রের দৃঢ় প্রবৃদ্ধি, ইউরোজোন ও জাপানের মৃদু প্রবৃদ্ধি এবং ব্রাজিল ও রাশিয়ার মন্দা অবস্থার উন্নতির প্রত্যাশাকে বিবেচনায় নিয়ে এই প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে। অন্যদিকে তেলের নিম্নমূল্য, ইউরোপীয়ান সেন্ট্রাল ব্যাংক, পিপলস ব্যাংক অব চায়না ও ব্যাংক অব জাপানের আর্থিক উদ্দীপনা প্যাকেজ শুধু প্রবৃদ্ধিকেই সমর্থন করবে না উপরন্তু ইতিবাচক চমকের ভিত্তিও হতে পারে। দুর্ভাগ্যজনকভাবে নিম্ন প্রবৃদ্ধি হওয়ার উপাদানও রয়েছে যেমন সরকারী-বেসরকারী খাতের উচ্চ ঋণ, কর্পোরেট প্রতিষ্ঠানগুলোর ঝুঁকির প্রতি উদাসীনতা, চীন ও অন্যান্য উদীয়মান অর্থনীতি আরও দুর্বল হয়ে পড়া এবং ভূ-রাজনৈতিক অস্থিরতা। মোট কথা বৈশ্বিক অর্থনীতি আরও এক বছরের জন্য নিম্ন প্রবৃদ্ধিতে আটকে থাকতে পারে।

বাংলাদেশ অর্থনীতি

বৈশ্বিক অর্থনীতির প্রতিকূল পরিস্থিতি ও দেশের অভ্যন্তরে একের পর এক অস্থিরতা সত্ত্বেও বাংলাদেশ ২০১৫ সালে সামষ্টিক অর্থনীতিতে শক্তিশালী অবস্থান তৈরী করেছে এবং ৬.৫ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। বাংলাদেশের অর্থনীতি স্থিতিশীল দেখাচ্ছে এবং মৌলিক সূচকগুলো ভবিষ্যতে চমৎকার প্রবৃদ্ধির সম্ভাবনা তৈরী করেছে। ২০১৫ সালে বাংলাদেশ স্বার্থকতার সাথে সহশ্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জন করেছে এবং বিশ্ব ব্যাংকের হিসাব অনুযায়ী নিম্ন আয়ের দেশ থেকে নিম্ন মধ্যম আয়ের দেশে রূপান্তরিত হয়েছে। আর্থিক বছরের শুরু থেকে অর্থনীতি যথেষ্ট গতি পেয়েছে এবং একটি শক্ত ভিত্তি স্থাপন করতে পেরেছে। বাংলাদেশ গত ৫ বছরে গড়ে ৬ শতাংশের উপরে প্রবৃদ্ধি অর্জনের পর বর্তমানে তা নতুন উচ্চতায় নেওয়ার প্রত্যয়ে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২০২০ সালের মধ্যে ৮ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাত্রা স্থির করেছে।

Fiscal Management

Real GDP growth has remained above 6 percent, a notable performance in the current global context. The public debt-to-GDP ratio has remained largely stable at a moderate level. However, tax revenue performance has been weak, with revenues increasing more slowly than GDP. In FY16, real GDP growth is projected at 6.3 percent by IMF though government has been estimated at 7.00 percent, supported by higher public sector wages and public investment. Growth is projected to accelerate gradually to 7 percent over the medium term, as public investment is further ramped up and constraints on investment ease, with private investment also supporting a recovery in private sector credit, although, private domestic demand, particularly private investment, has been subdued, partly contributing to a slowdown in credit to the private sector.

Service Sector

In FY15 the sector witnessed a better performance compared to the previous fiscal. The growth of services sector increased to 5.83 per cent in FY15 from 5.62 per cent in FY14. The share of services sector reduced to 53.6 percent from 54.0 percent during the same period. From different sub-sectors electricity, gas & water supply, hotel & restaurant, financial intermediation, real estate, health & social work, education, and public administration & defense have performed better in FY15 compared to that of the previous fiscal.

Industry

Performance of Industrial Sector as a whole picked up eventually to register a 9.6 percent growth in 2015 which was 8.16 percent in the fiscal year 2014. Besides, share of the Industrial Sector in GDP also increased by 0.87 percent points and reached to 30.42 percent in FY15 from 29.55 percentage in FY14. The contribution of both Industrial and Services Sectors to the GDP has been increasing gradually indicating an in-road of Bangladesh's economy towards a modern developing economy. The growth rate of Industrial Sector as a whole increased in FY15 compared to FY14. The most notable growth was seen in the small scale manufacturing sub-sector.

রাজস্ব ব্যবস্থাপনা

বাংলাদেশের প্রকৃত জিডিপি প্রবৃদ্ধি ৬ শতাংশের উপরে রয়েছে যা বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে উল্লেখযোগ্য অর্জন। সরকারী ঋণ-জিডিপি অনুপাত সহনীয় পর্যায়ে স্থিতিশীল রয়েছে। যদিও রাজস্ব আদায়ে দুর্বলতা রয়ে গেছে বিশেষভাবে রাজস্ব আদায়ের প্রবৃদ্ধি জিডিপি প্রবৃদ্ধির তুলনায় কম। ২০১৬ অর্থবছরে আইএমএফ জিডিপি প্রবৃদ্ধি ৬.৩০ শতাংশ প্রাক্কলন করেছে যদিও বাংলাদেশ সরকার সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ব্যাপক বেতন বৃদ্ধি এবং সরকারী বিনিয়োগ বৃদ্ধিকে ভিত্তি ধরে ৭ শতাংশ প্রবৃদ্ধি আশা করছে। সরকারী বিনিয়োগ আরও বৃদ্ধির সম্ভাবনা, বিনিয়োগের পরিবেশের বাধা ক্রমান্বয়ে দূরীভূত হওয়া এবং বেসরকারী বিনিয়োগ প্রবৃদ্ধির সম্ভাবনাকে ভিত্তি ধরে মধ্যমেয়াদী ৭ শতাংশ প্রবৃদ্ধি প্রাক্কলন করা হচ্ছে। যদিও বেসরকারী খাতের চাহিদা, বিশেষভাবে বেসরকারী খাতে বিনিয়োগ কাক্ষিত পর্যায়ে হচ্ছে না যা অভীষ্ট প্রবৃদ্ধি অর্জনে একটি বড় বাধা হয়ে দাঁড়াতে পারে।

সেবা খাত

২০১৫ অর্থবছরে সেবা খাত আগের অর্থবছরের চাইতে অপেক্ষাকৃত ভাল করেছে। ২০১৫ অর্থবছরে সেবাখাত ৫.৮৩ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে যা ২০১৪ অর্থবছরে ছিল ৫.৬২ শতাংশ। যদিও জিডিপিতে সেবা খাতের অবদান ৫৪ শতাংশ থেকে ৫৩.৬ শতাংশে নেমে এসেছে। সেবার বিভিন্ন উপখাতের মধ্যে বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ, হোটেল ও রেস্তোরাঁ, আর্থিক প্রতিষ্ঠান, ভাড়া ও অন্যান্য ব্যবসায়িক কার্যক্রম, আবাসন, স্বাস্থ্য, শিক্ষা, জনপ্রশাসন ও প্রতিরক্ষা খাতগুলো গত অর্থবছরের তুলনায় ২০১৫ সালে অপেক্ষাকৃত ভাল করেছে।

শিল্প খাত

২০১৫ অর্থবছরে শিল্প খাত সঠিকভাবে ৯.৬০ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করতে সক্ষম হয়েছে যা ২০১৪ অর্থবছরে ছিল ৮.১৬ শতাংশ। এছাড়া জিডিপিতে শিল্প খাতের অবদানের পরিমাণ ০.৮৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩০.৪২ শতাংশে দাঁড়িয়েছে যা ২০১৪ অর্থবছরে ছিল ২৯.৫৫ শতাংশ। জিডিপিতে সেবা ও শিল্প খাতের যুগপৎ প্রবৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের অর্থনীতি যে আধুনিক উন্নয়নশীল অর্থনীতির পথেই হাঁটছে তারই ইঙ্গিত দিচ্ছে। ২০১৫ অর্থবছরে শিল্পের প্রায় সকল উপখাতেই অর্থবছর ২০১৪-এর তুলনায় প্রবৃদ্ধি বেড়েছে। সবচেয়ে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি হয়েছে ক্ষুদ্র উৎপাদন উপখাতে।

Agriculture

The agriculture sector grew by a moderate rate of 3.0 percent which declined by 1.4 percentage points in FY15 from 4.4 percent in FY14. This was mainly due to fall in growth of crops and horticulture sub-sector. Overall output of food grains (Aus, Aman, Boro and Wheat) increased by 0.4 percent from 35.66 million metric tons (MMT) in FY14 to 35.79 MMT in FY15. Out of the overall GDP growth of 6.5 percent in FY15, 0.5 percentage points was contributed by the agriculture sector.

Savings and Investment

Domestic and national savings increased moderately. Gross Domestic Savings (GDS) at current market prices grew by 13.7 percent in FY15 from 12.3 percent in FY14. The GDS as percentage of GDP also increased to 22.3 in FY15 from 22.1 in FY14. The ratio of private savings to GDP increased to 20.7 percent in FY15 from 20.6 percent in FY14. Investment as a percentage of GDP increased to 29.0 in FY15 from 28.6 in FY14. The ratio of private investment to GDP increased from 22.0 in FY14 to 22.1 in FY15; the ratio of public investment to GDP increased to 6.9 in FY15 from 6.6 in FY14. The domestic savings-investment gap as a percentage of GDP increased from 6.5 in FY14 to 6.7 in FY15. The domestic savings-investment gap was met with the help of the net factor income from abroad.

Inflation

Inflationary trend experienced a consistent decline in the FY2015. Annual average inflation decreased to 6.2 percent at the end of 2015, the lowest level since February 2013; point-to-point inflation hovered between 6 percent and 6.4 percent throughout the year before closing at 6.1 in December 2015; Food inflation slowed to 5.48 percent in December 2015 from 5.86 percent a year ago, whereas non-food inflation rose to 7.05 percent from 6.48 percent over the same period. The drop in food inflation is attributed to the increase in rice output during the harvest season, and fall in import prices of global agricultural commodities. The non-food inflation rate increase was driven by supply disruptions during the first quarter of 2015 and an upward adjustment of electricity and gas prices as well as government official pay scale hike.

Lower global commodity prices, stable exchange rate of Taka currency and restrained growth of broad money supply in the backdrop of slow growth of domestic demand contributed to falling inflation. Indeed, the global prices of almost all commodities, including food and fuel, declined considerably throughout FY2015.

কৃষি

২০১৫ অর্থবছরে কৃষিখাতে ৩ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে যা ২০১৪ অর্থবছরে ছিল ৪.৪ শতাংশ। এই নিম্ন প্রবৃদ্ধির কারণ প্রধানত ফসল ও হার্টিকালচার উপখাতের নেতিবাচক প্রবৃদ্ধি। সার্বিকভাবে খাদ্যশস্য (আউশ, আমন, বোরো এবং গম)-এর উৎপাদন আগের অর্থবছরের চাইতে ০.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৫.৭৯ মিলিয়ন মেট্রিক টন দাঁড়ায় যা আগের অর্থবছরে ছিল ৩৫.৬৬ মিলিয়ন মেট্রিক টন। ২০১৫ অর্থবছরে ৬.৫ শতাংশ প্রবৃদ্ধিতে কৃষির অবদান ছিল ০.৫ শতাংশ।

সঞ্চয় ও বিনিয়োগ

২০১৫ অর্থবছরে দেশজ ও জাতীয় সঞ্চয়ের প্রবৃদ্ধি ছিল পরিমিত। বর্তমান বাজার মূল্যে মোট দেশজ সঞ্চয়ের (জিডিএস) প্রবৃদ্ধি হয়েছে ১৩.৭০ শতাংশ যা ২০১৪ অর্থবছরে ছিল ১২.৩০ শতাংশ। ২০১৫ অর্থবছরে মোট দেশজ সঞ্চয় ছিল জিডিপি ২২.৩০ শতাংশ, যা আগের অর্থবছরে ছিল ২২.১০ শতাংশ। বেসরকারী সঞ্চয়- জিডিপি অনুপাত ছিল ২০.৭০ শতাংশ যা ২০১৪ অর্থবছরে ছিল ২০.৬০ শতাংশ। বিনিয়োগ-জিডিপি অনুপাত ২০১৪ অর্থবছরের ২৮.৬০ শতাংশ থেকে কিছুটা বেড়ে ২০১৫ অর্থবছরে ২৯.০০ শতাংশে পৌঁছায়। বেসরকারী বিনিয়োগ-জিডিপি অনুপাত অর্থবছর ২০১৫ তে দাঁড়ায় ২২.১০ শতাংশ যা ২০১৪ অর্থবছরে ছিল ২২.০০ শতাংশ। সরকারী বিনিয়োগও কিছুটা বেড়ে ৬.৯০ শতাংশে পৌঁছায় যা আগের অর্থবছরে ছিল ৬.৬০ শতাংশ। একই সাথে দেশজ সঞ্চয় ও বিনিয়োগের পার্থক্য জিডিপি ৬.৫০ শতাংশ থেকে কিছুটা বেড়ে ২০১৫ অর্থবছরে ৬.৭০ শতাংশে দাঁড়ায়। দেশজ সঞ্চয় ও বিনিয়োগের এই পার্থক্য নেট বিদেশী আয়ের মাধ্যমে পূরণ হয়।

মুদ্রাস্ফীতি

২০১৫ অর্থবছরে মুদ্রাস্ফীতি নিম্নমুখী ধারায় ছিল। গড় মুদ্রাস্ফীতি ২০১৫ সালের ডিসেম্বরে কমে ৬.২ শতাংশে দাঁড়ায় যা ফেব্রুয়ারী ২০১৩-এর পরের সর্বনিম্ন। পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে ২০১৫ সালে সারাবছর মুদ্রাস্ফীতি ৬.০০ থেকে ৬.৪০ এর মধ্যে ওঠানামা করে এবং বছরের শেষে ডিসেম্বরে তা দাঁড়ায় ৬.১০ শতাংশে। খাদ্য মূল্যস্ফীতি কমে ডিসেম্বর ২০১৫ তে হয় ৫.৪৮ শতাংশ যা ডিসেম্বর ২০১৪ সালে ছিল ৫.৮৬ শতাংশ; যেখানে খাদ্য বহির্ভূত মূল্যস্ফীতি আগের বছরের ৬.৪৮ থেকে বেড়ে ৭.০৫ শতাংশ হয়। ২০১৫ অর্থবছরের শেষে ধানের বাম্পার ফলন ও আন্তর্জাতিক বাজারে কৃষি পণ্যের মূল্য পতনই প্রধানত খাদ্য মূল্যস্ফীতিকে নিচে নামিয়ে আনে। অন্যদিকে মূলত বছরের প্রথমে সরবরাহ ব্যবস্থা ভেঙ্গে পড়া, বিদ্যুৎ ও গ্যাসের মূল্য বৃদ্ধি এবং সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির কারণেই খাদ্য বহির্ভূত মূল্যস্ফীতি বেড়েছে।

বিশ্ববাজারে পণ্যের মূল্যহ্রাস, স্থিতিশীল বিনিময় হার, নিয়ন্ত্রিত মুদ্রা সরবরাহ এবং অভ্যন্তরীণ চাহিদার নিম্নহার মুদ্রাস্ফীতিকে নিয়ন্ত্রণে রাখতে সহায়তা করেছে। বস্তুত অর্থবছর ২০১৫ সালে বিশ্ববাজারে খাদ্য এবং জ্বালানিসহ সকল পণ্যের দাম উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে।

Capital Market

The country's capital market passed yet another gloomy year as trading activities were dull almost throughout 2015. Various efforts had also been taken by the government and regulators to shore up the market in the last five years since 2011 debacle, virtually failed to bring the desired results in the capital market.

Foreign Exchange Reserves

Bangladesh Bank's gross foreign exchange reserve stood at US\$ 27.50 billion as at the end of December 2015 fuelled by steady export earnings and the rise in inward remittances. The slower pace of import growth and fall down of global commodity prices also helped to boost reserves by 23.23 percent over the corresponding period of last year.

Export

Export growth was 3.3% only in FY2015 that got down significantly from 12.1% in FY2014. Garments sector, which singly contributes for about 80% of total exports had a very slim growth of only 4.1%. Exports gained momentum after a slow start in FY2015, a raising by 7.8 percent in July-December to \$16.1 billion and exceeding the \$15.86 billion target for that period.

The growth was primarily driven by the apparel export growth of 9.2 percent during the same period. At the current pace, the country is well on its way of hitting the export target of \$33.5 billion set for FY16. The government's export target of \$60 billion by 2021, diversification and investment expansion are crucial to build a sustainable platform for the country's export growth.

Import

Total import of the country witnessed 11.26 percent growth in FY2015 over the previous year but in the first half of FY2016 registered 7.83 percent negative growth against the same period of the previous year. Although in terms of figure the import expenditure had posted negative growth in the first half of FY2015, because of significant fall in unit price of key imported products (i.e. Crude Oil, fertilizer, food grains, raw cotton, etc.) in the global market, that might not necessarily had corresponding (negative) implications in terms of volume of import. The global oil price hitting record lows was one of the primary factors behind the fall in fuel import payments.

পুঁজিবাজার

পুঁজিবাজার আর একটি মন্দার বছর অতিক্রম করলো যেখানে ২০১৫ সালের প্রায় পুরো বছরেই লেনদেন ছিল নিস্তেজ। সরকার ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ২০১১ সালের ভয়াবহ পতনের পরে গত ৫ বছর হতে বাজারকে চাঙ্গা করার জন্য নানা ধরনের প্রণোদনামূলক পদক্ষেপ নেয়ার পরেও কার্যত পুঁজি বাজারে স্থিতিশীলতা আনতে পারেনি।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

২০১৫ সালের ডিসেম্বর শেষে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিল ২৭.৫০ বিলিয়ন ইউএস ডলার যা রপ্তানী আয় এবং রেমিটেন্স প্রবাহের কারণে অর্জিত হয়েছে। এছাড়া আমদানীর নিম্ন প্রবৃদ্ধি ও বিশ্ববাজারে পণ্যের মূল্যপতন এই বিপুল রিজার্ভের গঠনে ভূমিকা রাখে যার প্রবৃদ্ধি গত বছরের তুলনায় ২৩.২৩ শতাংশ।

রপ্তানী

রপ্তানী খাত ২০১৪ অর্থবছরের ১২.১০ শতাংশ প্রবৃদ্ধি থেকে উল্লেখযোগ্যভাবে কমে ২০১৫ অর্থবছরে মাত্র ৩.৩০ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। মোট রপ্তানীর ৮০ শতাংশ অবদান রাখা তৈরী পোশাক খাতে প্রবৃদ্ধি হয়েছে মাত্র ৪.১০ শতাংশ। যদিও ২০১৫ অর্থবছরে শেষের দিকে মার্কিন যুক্তরাষ্ট্রের বাজারে চাহিদা শক্তিশালী হওয়ার মাধ্যমে এ খাতে যথেষ্ট গতি এসেছে এবং ২০১৫ সালের শেষ ৬ মাসে ৭.৮০ শতাংশ প্রবৃদ্ধি নিয়ে মোট ১৬.১০ বিলিয়ন ইউএস ডলার রপ্তানী আয় অর্জিত হয়, যা রপ্তানী লক্ষ্যমাত্রা ১৫.৮৬ বিলিয়ন ইউএস ডলারের চেয়েও বেশী।

এই প্রবৃদ্ধি প্রধাণত পোশাক খাতের ৯.২০ শতাংশ প্রবৃদ্ধির মাধ্যমে অর্জিত হয়েছে। রপ্তানী খাত বর্তমানে যে গতিতে এগুচ্ছে তাতে ২০১৬ অর্থবছরে রপ্তানী খাতের ৩৩.৫০ বিলিয়ন ইউএস ডলার লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে বলে মনে হচ্ছে। ২০২১ সালের মধ্যে ৬০ বিলিয়ন ইউএস ডলার রপ্তানীর যে লক্ষ্যমাত্রা সরকার স্থির করেছে, তা অর্জনের জন্য রপ্তানী পণ্যে বৈচিত্র্যকরণ এবং বিনিয়োগ ও বাজার সম্প্রসারণ টেকসই প্লাটফর্মের একটি ভিত্তি হতে পারে।

আমদানী

২০১৫ অর্থবছরে আমদানী খাতে আগের অর্থবছরের তুলনায় প্রবৃদ্ধি ছিল ১১.২৬ শতাংশ কিন্তু ২০১৬ সালের প্রথম ৬ মাসে আগের বছরের একই সময়ের তুলনায় ৭.৮৩ শতাংশ নেতিবাচক প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়। যদিও ২০১৫ সালের শেষ ৬ মাসে অর্থের অঙ্কে আমদানী ব্যয় নেতিবাচক প্রবৃদ্ধি ছিল, কিন্তু তা পরিমাণের বিবেচনায় আমদানী খাতের নেতিবাচক প্রবৃদ্ধি নিশ্চিত করে না কারণ প্রধান প্রধান সকল আমদানী পণ্য যথা অপরিশোধিত তেল, সার, খাদ্যশস্য, কাঁচা তুলা ইত্যাদির মূল্য আন্তর্জাতিক বাজারে উল্লেখযোগ্যভাবে কমে গিয়েছিল। তেলের জন্য আমদানী ব্যয় কম হওয়ার কারণ বিশ্ববাজারে তেলের মূল্য রেকর্ড পরিমাণ পতন হওয়া।

Import remained sluggish in July-September, which picked up again in October onwards with maturity of payments for the government's mega infrastructure projects, and rising capital machinery imports amid growing confidence.

Remittance inflow

Remittance, which is an important part of the country's growth, grew to \$15.3 billion in 2015 compared to \$14.2 billion in 2014. Inflow of remittance returned to its positive growth in 2015 after experiencing a major setback in 2014. With an increasing number of Bangladeshi workers going abroad, despite concerns regarding the possible slowdown of development activities in the Middle East due to loss of revenue on the decline of oil prices. Increase in the overseas employment, about 13.0% growth, as well as reopening of the Saudi market in 2015 will positively impact the remittance inflow in near future.

In the backdrop, the inward remittance to Bangladesh during first six months of FY 2016 was USD 7.4 billion. This amount meant a negative growth(-0.35) over the corresponding period of FY 2015. The share of remittance earnings from Middle East dropped to 57.2 percent mainly because of negative growth of remittance flow from Saudi Arabia and the UAE. However, Saudi Arabia remained the largest source of remittance, but the growth was negative. The benefits of higher leaving would perhaps come with some leg.

Monetary Policy

New monetary policy 2016 (January to June) of Bangladesh has been designed to boost the investment of the country as well as boost the economy. To ensure the objective, Bangladesh Bank has declined the repo and reverse repo rate by 50 basis point at 6.75% and 4.75% respectively. The repo and reverse repo rate were 7.25% and 5.25% respectively since 2013. As the repo rate has been declined, it enables banks and Financial Institutions getting fund from Bangladesh Bank at lower rate which will simultaneously enable them to lend at lower rate in the business to accelerate the growth of the economy ultimately.

Banking Sector Outlook

The banking sector in Bangladesh has achieved considerable success due to the reforms in the 1990s, 2000s and afterwards. The banking sector of Bangladesh underwent a moderate level of resilience in 2015.

২০১৫ সালের জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকের আমদানী খাতের মন্দা পরিস্থিতি অক্টোবরে এসে ঘুরে দাঁড়ায়, প্রধানত সরকারের বৃহৎ অবকাঠামো প্রকল্পের ব্যয় পরিশোধ এবং ব্যবসায় আস্থা ফিরে আসায় মূলধনী যন্ত্রপাতি আমদানী ব্যয় বৃদ্ধির মাধ্যমে।

রেমিট্যান্স প্রবাহ

দেশের প্রবৃদ্ধির গুরুত্বপূর্ণ খাত রেমিট্যান্স, ২০১৫ সালে ১৫.৩ বিলিয়ন ইউএস ডলার দেশে এসেছে যা ২০১৪ সালে ছিল ১৪.২ বিলিয়ন ইউএস ডলার। ২০১৪ সালের বড় ধরনের নেতিবাচক প্রবৃদ্ধি থেকে ২০১৫ সালে রেমিট্যান্স ইতিবাচক প্রবৃদ্ধির ধারায় ফিরে এসেছে। বিশ্ব বাজারে তেলের মূল্যপতনজনিত কারণে মধ্যপ্রাচ্যের দেশগুলিতে উন্নয়ন কর্মকাণ্ডের স্থবিরতার সম্ভাবনার মধ্যেও উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি এই সময়ে বিদেশে পাড়ি জমান। শ্রমিকদের বিদেশগমনে ১৩ শতাংশ প্রবৃদ্ধি এবং সৌদি আরবের শ্রমবাজার ২০১৫ সালে নতুন করে খুলে যাওয়ায় সামনের দিনগুলোতে রেমিট্যান্স প্রবাহে আরও ইতিবাচক পরিবর্তন আসবে বলে আশা করা যাচ্ছে।

২০১৬ সালের প্রথম ৬ মাস গত বছরের একই সময়ের তুলনায় ০.৩৫ শতাংশ নেতিবাচক প্রবৃদ্ধি নিয়ে মোট ৭.৪ বিলিয়ন ইউএস ডলার রেমিট্যান্স দেশে এসেছে। সৌদিআরব ও সংযুক্ত আরব আমিরাত থেকে নেতিবাচক রেমিট্যান্স প্রবাহের কারণে মধ্যপ্রাচ্য থেকে মোট রেমিট্যান্স প্রবাহ ৫৭.২ শতাংশে নেমে আসে। যদিও সৌদিআরব এখনও মোট রেমিট্যান্স আহরণের সবচেয়ে বড় উৎস কিন্তু এখন থেকে প্রবাহ নেতিবাচক ধারায় রয়েছে। উচ্চহারে শ্রমিকদের দেশ ছেড়ে যাওয়ার সুবিধা পেতে হয়ত কিছু সময় লাগবে।

মুদ্রানীতি

নতুন মুদ্রানীতি ২০১৬ (জানুয়ারি-জুন) প্রধানত বিনিয়োগ বৃদ্ধি এবং একই সাথে অর্থনৈতিক সমৃদ্ধিকে বিবেচনায় নিয়ে তৈরি করা হয়েছে। এই লক্ষ্য অর্জনের জন্য বাংলাদেশ ব্যাংক সুদের হার পয়েন্ট ০.৫০ বেসিস কমিয়ে রেপো সুদ ৬.৭৫ শতাংশ এবং রিভার্স রেপো সুদ ৪.৭৫ শতাংশে স্থির করেছে, যা গত ২০১৩ সালে যথাক্রমে ৭.২৫ শতাংশ ও ৫.২৫ শতাংশে ছিল। রেপো রেট কমার ফলে বাণিজ্যিক ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলো কেন্দ্রীয় ব্যাংক থেকে কম সুদে তহবিল সংগ্রহ করতে পারবে এবং তা কম সুদে ব্যবসায় বিনিয়োগের মাধ্যমে বিনিয়োগ বাড়ানো এবং চূড়ান্তভাবে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখতে পারবে।

ব্যাংকিং খাতের আউটলুক

বাংলাদেশের ব্যাংকিং খাতে নব্বই দশক এবং তৎপরবর্তী নানা ধরনের সংস্কার কার্যক্রমের ফলে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। ২০১৫ সালে বাংলাদেশের ব্যাংকিং খাত সহনীয় পর্যায়ে স্থিতিশীল ছিল। ব্যাংকিং খাতকে পরবর্তী প্রজন্মের বৈশ্বিক রেগুলেটরী কাঠামোর

However, the sector will have to prepare for the next generation global regulatory framework and meet clients' emerging needs. In the coming days, the banking industry will have to achieve the ability to absorb shocks arising from possible financial and economic stress, improve risk management and governance, and strengthen banks' transparency and disclosures through compliance with Basel III requirements to be implemented by 2019.

There have been attempts by commercial banks to lower their lending rates and also reduce interest rate spread as advised by Bangladesh Bank. Lending rates declined due to lower cost of funds for banks, lower demand for credit as well as increasing competition from overseas lenders whose lending rates are in single digit. Average lending rate of banks had declined to 11.3 per cent in October 2015 compared to 12.5 per cent in October 2014. On the other hand the spread between the weighted average advances and the deposit rates of all banks decreased to 4.84% in December 2015 which was 5.21% in December 2014.

During the year 2015, the banking industry was in liquidity surplus position and as such inter-bank call money rate was significantly in decreasing trend. The call money rate was fallen from 8.57 percent in January 2015 to 3.69 in December of the same year.

Banking industry has achieved significant growth in deposit mobilization and also rational approach to loan disbursement. Total deposit of the scheduled banks increased to Tk.7540.00 billion in 2015 from Tk.6989 billion in December 2014 registered more than 13 percent growth while total bank's advance increased to Tk. 6175 billion in 2015 from Tk. 5451 billion in December 2014 registering more than 13 percent growth.

Prospect in 2016

Despite the weak external impetus, Bangladesh has maintained a stable economic growth of more than 6.0 per cent in the last few years. However, in order to keep up the growth momentum, government will need to raise enough resources to meet the heavy pressure on the budget caused by the salary hike for government employees and the essential spending on physical infrastructure. To achieve the targeted GDP growth of 7.0 per cent in the current fiscal year, Bangladesh faces the major challenge of accelerating investment in the private sector. Political stability remains a major challenge for maintaining macroeconomic stability that is vital for achieving higher growth. Presently, the investment rate is much below the target of 35.0 per cent of GDP

জন্য প্রস্তুত হতে হবে এবং একই সাথে গ্রাহকদের পরিবর্তনশীল চাহিদা মোকাবেলার জন্য নিজেদের প্রস্তুত করতে হবে। ২০১৯ সালের মধ্যে ব্যাসেল ৩-এর নানা কাঠামো পরিপালনের জন্য সামনের দিনগুলোতে ব্যাংকিং খাতকে সম্ভাব্য আর্থিক ও অর্থনৈতিক চাপ মোকাবেলার সক্ষমতা অর্জন, ঝুঁকি ব্যবস্থাপনা ও সুশাসনের উন্নয়ন এবং অধিক স্বচ্ছতা ও ডিসক্লোজারের মতো বিষয়গুলোর বাস্তবায়নের দিকে মনোযোগ দিতে হবে।

বাংলাদেশ ব্যাংকের পরামর্শ মতে সম্প্রতি ব্যাংকগুলো তাদের ঋণের সুদের হার এবং সুদের স্প্রেড কমানোর উদ্যোগ নিয়েছে। তহবিল ব্যয় কমা, ঋণের চাহিদা কমা এবং বৈদেশিক উৎস থেকে সুদের একক অঙ্কে ঋণ সরবরাহের কারণে সৃষ্ট প্রতিযোগিতার ফলে ঋণের সুদের হার কমেছে। গড়ে ঋণের সুদ ২০১৫ সালে অক্টোবরের শেষে দাঁড়ায় ১১.৩০ শতাংশ যা এক বছর আগে একই সময়ে ছিল ১২.৫ শতাংশ। অন্যদিকে গড় আমানত ও গড় ঋণের মধ্যকার স্প্রেড ২০১৫ সালের ডিসেম্বরে দাঁড়ায় ৪.৮৪ শতাংশ যা ২০১৪ সালের ডিসেম্বরে ছিল ৫.২১ শতাংশ।

২০১৫ সাল ব্যাংকিং খাতে উদ্ভূত তারল্য ছিল এবং এর ফলে আন্তঃব্যাংক কল মানির সুদের হার উল্লেখযোগ্য হারে নেমে এসেছে। আন্তঃব্যাংক কল মানির সুদের হার ২০১৫ সালের জানুয়ারী মাসে যা ছিল ৮.৫৭ শতাংশ বছর শেষে ডিসেম্বরে তা দাঁড়ায় ৩.৬৯ শতাংশে।

ব্যাংকিং খাত আমানত সংগ্রহে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে এবং ঋণ প্রদানে যথেষ্ট বিচক্ষণতা দেখিয়েছে। তফসিলী ব্যাংকসমূহের আমানত ১৩ শতাংশেরও অধিক প্রবৃদ্ধি নিয়ে ২০১৫ সালের শেষে দাঁড়ায় ৭,৫৪০ বিলিয়ন টাকা যা ২০১৪ সালের শেষে ছিল ৬,৯৮৯ বিলিয়ন টাকা। অন্যদিকে একই প্রবৃদ্ধি নিয়ে ২০১৫ সালের শেষে ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৬,১৭৫ বিলিয়ন টাকা যা ২০১৪ সালে ছিল ৫,৪৫১ বিলিয়ন টাকা।

২০১৬ সালের সম্ভাবনা

বৈশ্বিক অর্থনৈতিক মন্দা সত্ত্বেও বাংলাদেশ বিগত বছরগুলোতে ৬ শতাংশের উপর প্রবৃদ্ধি নিয়ে অর্থনৈতিকভাবে স্থিতিশীল রয়েছে। প্রবৃদ্ধির এ গতি ধরে রাখতে হলে সরকারকে প্রচুর সম্পদ সংগ্রহ করতে হবে যা দিয়ে ভৌত অবকাঠামো খাতে বিনিয়োগ এবং সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির চাপ সামলাতে হবে। চলতি অর্থ বছরে ৭ শতাংশ প্রবৃদ্ধির লক্ষ্য অর্জন করতে বেসরকারী খাতে বিনিয়োগ বৃদ্ধিই প্রধান চ্যালেঞ্জ। রাজনৈতিক স্থিতিশীলতা এখনও সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতার জন্য প্রধান চ্যালেঞ্জ হিসাবে রয়ে গেছে। ৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের জন্য প্রয়োজনীয় জিডিপি ৩৫ শতাংশ বিনিয়োগের চেয়ে বর্তমান বিনিয়োগ অনেক নীচে আছে। বাংলাদেশের অর্থনীতি বর্তমানে যদিও যথেষ্ট ভাল করছে তথাপি তা

that is required for achieving 7.0 per cent GDP growth. Bangladesh's economy is progressing well, but below its true potential, as infrastructure bottlenecks, shortage of power and energy, lack of policy continuity, absence of investment-friendly climate and political harmony keeps it from performing at full capacity. Government effort should be intensified to overcome these impediments in order to enhance the country's growth opportunities.

Profile of Shahjalal Islami Bank Limited

Shahjalal Islami Bank Limited, a Shariah Based Commercial Bank in Bangladesh was incorporated as a Public limited company on 1st April, 2001 under Companies Act 1994. The Bank commenced commercial operation on 10th May 2001 by opening its 1st branch, i.e. Dhaka Main Branch at 58, Dilkusha, Dhaka obtaining the license from Bangladesh Bank, the Central Bank of Bangladesh. The Bank went for public issue of its shares in 2007 and its shares are listed with Dhaka Stock Exchange Limited and Chittagong Stock Exchange Limited. Now its Head Office is situated at Uday Sanz, 2/B Gulshan South Avenue, Gulshan-1, Dhaka-1212, Bangladesh. As on 31st December 2015 the bank had 93 branches across the country with diversified deposits and investment products.

Off-shore Banking Unit

Off-shore Banking Unit (OBU) is a separate business unit of Shahjalal Islami Bank Limited, governed under the Rules and Guidelines of Bangladesh Bank. The Bank obtained the Off-shore Banking Unit permission vide letter no. BRPD (P-3)744(99)/2008-2800 dated 24 July 2008. The Bank opened its Off-shore Banking Unit on 21 December 2008. The unit is located at Uday Sanz, Plot No-SE(A) 2/B Gulshan South Avenue, Gulshan-1, Dhaka-1212.

Subsidiary

Shahjalal Islami Bank Securities Limited

Shahjalal Islami Bank Securities Limited is a subsidiary company of Shahjalal Islami Bank Limited incorporated as a public limited company under the Companies Act 1994 and commenced its operation on the 25th day of May 2011. The main objective of the company is to carry on business of stock broker/dealers in relation to shares and securities dealings and other services as mentioned in the Memorandum and Articles of Association of the Company. It has corporate membership of Dhaka Stock Exchange Limited and Chittagong Stock Exchange Limited. Shahjalal Islami Bank Limited holds 89.49% shares of Shahjalal Islami Bank Securities Limited.

সত্যিকারের সম্ভাবনার চেয়ে নীচে। অবকাঠামোর দুর্বলতা, বিদ্যুৎ ও জ্বালানীর স্বল্পতা, নীতি ধারাবাহিকতার অভাব, বিনিয়োগ সহায়ক পরিবেশের অভাব ও রাজনৈতিক ঐক্যের অভাবের কারণে আমাদের অর্থনীতি কাজক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারছে না। দেশের প্রবৃদ্ধির সম্ভাবনাকে পরিপূর্ণভাবে বিকশিত করার জন্য সরকারের উচিত উপরোক্ত বাধাগুলো অতিক্রমের চেষ্টা জোরদার করা।

শাহজালাল ইসলামী ব্যাংকের পরিচিতি

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড একটি শরীয়াহভিত্তিক বাণিজ্যিক ব্যাংক হিসেবে কোম্পানী আইন ১৯৯৪ এর আওতায় পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে ২০০১ সালের ১লা এপ্রিল প্রতিষ্ঠিত হয়। দেশের কেন্দ্রীয় ব্যাংক, বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে ২০০১ সালের ১০ই মে ঢাকার ৫৮ দিলকুশায় 'ঢাকা মেইন শাখা' নামে প্রথম শাখা খোলার মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। ব্যাংকটি ২০০৭ সালে প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে এর শেয়ার ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এ তালিকাভুক্ত করে। বর্তমানে এর প্রধান কার্যালয় উদয় সানজ, ২/বি গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ-এ অবস্থিত। বহুমুখী আমানত এবং বিনিয়োগ প্রকল্পসহ ৩১ শে ডিসেম্বর ২০১৫ তারিখে দেশব্যাপী ব্যাংকের মোট ৯৩টি শাখা ছিল।

অফশোর ব্যাংকিং ইউনিট

অফশোর ব্যাংকিং ইউনিট (ওবিইউ) শাহজালাল ইসলামী ব্যাংকের একটি পৃথক ব্যবসায়িক ইউনিট যা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও নীতিমালার আওতায় পরিচালিত হচ্ছে। ২০০৮ সালের ২৪শে জুলাই বাংলাদেশ ব্যাংকের স্মারক নং বিআরপিডি-(পি-৩)৭৪৪(৯৯)/২০০৮-২৮০০-এর মাধ্যমে ব্যাংকটি অফশোর ব্যাংকিং ইউনিট খোলার অনুমোদন পেয়েছিল। ব্যাংকটি ২১ শে ডিসেম্বর ২০০৮ সালে তার অফশোর ব্যাংকিং ইউনিট চালু করে। বর্তমানে এই ইউনিট টি উদয় সানজ, প্লট নং এসই(এ) ২/বি গুলশান সাউথ এভিনিউ ঢাকায় অবস্থিত।

সাবসিডিয়ারী

শাহজালাল ইসলামী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড


শাহজালাল ইসলামী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড হলো শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড-এর একটি সাবসিডিয়ারী কোম্পানী যা ১৯৯৪ সালের কোম্পানী আইন-এর আওতায় একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে প্রতিষ্ঠিত হয় এবং এটি ২৫ মে ২০১১ সালে তার কার্যক্রম শুরু করে। কোম্পানীর মূল কার্যক্রম হলো স্টক ব্রোকার/ডিলার হিসাবে শেয়ার ও সিকিউরিটিজ ক্রয় বিক্রয়। এছাড়াও কোম্পানীর স্মারকসংঘ ও স্মারকবিধি অনুযায়ী গ্রাহকদের অন্যান্য সেবা প্রদান করা। এটি ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর সদস্য। শাহজালাল ইসলামী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড-এর ৮৯.৪৯ শতাংশের মালিকানা ব্যাংকের।

Principal Activities

The principal activities of the Bank is to provide all kinds of commercial banking products and services to the customers including deposit taking, cash withdrawal, extending investments to corporate organization, retail and small & medium enterprises, trade financing, project finance, working capital finance, lease and hire purchase financing, issuance of Debit Card. Its vision is to be the best private commercial bank in Bangladesh in terms of efficiency, capital adequacy, asset quality, sound management and profitability.

Branch Network

The Bank has been operating with a network of 93 branches around the country. The bank is working to expand its business by opening 10 more branches in Dhaka and some other important business locations of the country in the year 2016 upon approval of Bangladesh Bank.



Correspondent Relationship

Shahjalal Islami Bank has established correspondent relationship across the world with major foreign banks. The number of correspondent banks stood at 436 as on December 31, 2015 across 62 countries. The Bank is successfully maintaining such relationships around the world to facilitate international trade transactions. The bank maintains 28 Nostro accounts in 6 major currencies with reputed international banks around the world in all of the important global financial centers. The Bank is also enjoying sufficient credit lines from correspondent banks for add confirmation to Letter of Credits to facilitate international trade.

প্রধান কার্যাবলীসমূহ

বাণিজ্যিক ব্যাংক হিসেবে ব্যাংকের প্রধান কার্যাবলী হল গ্রাহকবৃন্দকে সকল ধরনের ব্যাংকিং পণ্য ও সেবা প্রদান করা, যার মধ্যে আমানত গ্রহণ, নগদ উত্তোলন, কর্পোরেট প্রতিষ্ঠানে বিনিয়োগ, রিটেইল ও এসএমই খাতে বিনিয়োগ, বাণিজ্যিক খাতে অর্থায়ন, প্রকল্পে অর্থায়ন, চলতি মূলধন বিনিয়োগ, লীজ ও হায়ার পারচেজে অর্থায়ন, ডেবিট কার্ড ইস্যু প্রভৃতি খাত উল্লেখযোগ্য। ব্যাংকের লক্ষ্য হচ্ছে দক্ষতা, মূলধন পর্যাপ্ততা, সম্পদের গুণগতমান, সঠিক ব্যবস্থাপনা এবং মুনাফা অর্জনের বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে বাংলাদেশের সবচেয়ে ভাল বেসরকারী বাণিজ্যিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হওয়া।

শাখা নেটওয়ার্ক

দেশব্যাপী ব্যাংকের ব্যবসা পরিচালনার জন্য ৯৩টি শাখার একটি নেটওয়ার্ক রয়েছে। এ ছাড়াও বাংলাদেশ ব্যাংকের অনুমোদন সাপেক্ষে ২০১৬ সালে ঢাকা ও বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ দেশের বিভিন্ন এলাকায় আরো ১০টি শাখা খোলার লক্ষ্যে ব্যাংকটি কাজ করছে।

প্রতিসঙ্গী সম্পর্ক

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড বিশ্বজুড়ে প্রধান প্রধান বিদেশী ব্যাংকের সাথে প্রতিসঙ্গী সম্পর্ক স্থাপন করেছে। ৩১শে ডিসেম্বর ২০১৫ ইং অনুযায়ী বিশ্বের ৬২টি দেশের ৪৩৬টি বিদেশী ব্যাংকের সাথে এর প্রতিসঙ্গী সম্পর্ক রয়েছে। বহির্বিদেশের সাথে আন্তর্জাতিক বাণিজ্য নিষ্পত্তির লক্ষ্যে ব্যাংকটি সফলতার সাথে প্রতিসঙ্গী সম্পর্ক বজায় রেখে চলছে। ব্যাংকটি বিশ্বের নামকরা আন্তর্জাতিক ব্যাংকের সাথে প্রধান ৬টি আন্তর্জাতিক মুদ্রায় ২৮টি নস্ট্রো হিসাব পরিচালনা করেছে। বৈদেশিক বাণিজ্য পরিচালনার সুবিধার্থে ঋণপত্রের কনফারমেশন-এর জন্য ব্যাংকটি প্রতিসঙ্গী ব্যাংকগুলোর কাছ থেকে যথেষ্ট পরিমাণে ক্রেডিট লাইন সুবিধা ভোগ করছে।

Relationship with other Bodies

Shahjalal Islami Bank Limited has established relationship with the following organizations/institutions:

- Bangladesh Institute of Bank Management (BIBM)
- The Institute of Bankers, Bangladesh (IBB)
- The Bangladesh Foreign Exchange Dealers' Association (BAFEDA)
- Bangladesh Association of Banks (BAB)s
- Central Shariah Board for Islamic Banks of Bangladesh;
- Islamic Banks Consultative Forum (IBCF)
- Dhaka Chamber of Commerce & Industry (DCCI); and
- Bangladesh Chamber of Industries (BCI)

Strategic plan for future growth

The Banking industry has been experiencing intensive competition as the domestic and international banks operating in Bangladesh strongly pursued the banking and financing needs of the Corporate, Retail, SME sector customers with diversified banking products and services and extending automated banking service with ATM, Debit card facilities and Internet Banking. Besides, profit rates have become very competitive for both deposit and investment. Customers are demanding higher rate of return against their deposits. On the other hand, they are also demanding to reduce their investment rates.

Considering the overall scenario, the Bank continues to focus on its delivery channel, technology, human resource and its brands along with branch network, business promotion, and corporate social responsibility and product diversification.

Strategies mean to achieve the goals. Aligned with the vision and mission statements of Shahjalal Islami Bank, 12 strategies have been identified to address the development and changes we need. It is envisaged that this strategic plan will cascade effectively the vision-mission into concrete action on priority basis and transform the Bank into a dynamic, effective and forward looking modern shariah based bank in Bangladesh. Strategic plans of the Bank are:

SL	Strategic Plan
1	Revisit the existing deposit products to introduce new deposit products and redesigned the existing deposit products
2	Re-examine existing investment products to introduce new investment products and redesigned the existing investment products

অন্যান্য সংস্থাসমূহের সাথে সম্পর্ক

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড নিম্নোক্ত সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পর্ক স্থাপন করেছে :

- বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজম্যান্ট;
- ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ;
- দ্যা বাংলাদেশ ফরেন এক্সচেঞ্জ ডিলার্স এসোসিয়েশন;
- বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংক'স;
- সেন্ট্রাল শরীয়াহ বোর্ড ফর ইসলামিক ব্যাংক'স অব বাংলাদেশ;
- ইসলামিক ব্যাংকস কনসালটেন্ট ফোরাম;
- ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এবং;
- বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ।

ভবিষ্যতে প্রবৃদ্ধি অর্জনের কৌশলগত পরিকল্পনা

ব্যাংকিং সেক্টরে দেশী ও বিদেশী ব্যাংক যারাই বাংলাদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে তাদের সকলকেই তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হতে হচ্ছে, ফলে সবাই দৃঢ়ভাবে প্রচেষ্টা চালাচ্ছে ব্যাংকিং সেবা বিকেন্দ্রীকরণের মাধ্যমে কর্পোরেট, রিটেইল, স্কুদ ও মাঝারি শিল্পের গ্রাহকবৃন্দের ব্যাংকিং ও অর্থায়নের চাহিদা পূরণে এবং এটিএম, ডেবিট কার্ড ও ইন্টারনেট ব্যাংকিং-এর মাধ্যমে স্বয়ংক্রিয় ব্যাংকিং সেবার প্রসার ঘটাতে। এ ছাড়া, আমানত ও বিনিয়োগের মুনাফার হারে ব্যাপক প্রতিযোগিতা বিদ্যমান। গ্রাহকগণ একদিকে তাদের আমানতের উপর বেশী মুনাফা আশা করছেন, অন্যদিকে বিনিয়োগের মুনাফার হার কমানোর দাবি করছেন।

সার্বিক বিষয় বিবেচনায়, শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড ধারাবাহিকভাবে প্রাধান্য দিচ্ছে সেবা বিতরণ কার্যক্রমে, প্রযুক্তি, মানব সম্পদ এবং এর ব্রান্ডসহ শাখার নেটওয়ার্ক, ব্যবসা সম্প্রসারণ, সামাজিক দায়বদ্ধতা এবং পণ্যের বৈচিত্র্যকরণ আনয়নের উপর।

কৌশল হচ্ছে লক্ষ্য অর্জনের মাধ্যম। শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড দূরদৃষ্টি ও লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে উন্নয়ন ও পরিবর্তনের জন্য ১২টি কৌশল নির্ধারণ করেছে। আমরা মনে করি, এ কৌশলগত পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে শাহজালাল ইসলামী ব্যাংক একটি গতিশীল, কার্যকর ও দূরদৃষ্টিসম্পন্ন আধুনিক শরীয়াহ ব্যাংক হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে। ব্যাংকের কৌশলগত পরিকল্পনাগুলো হচ্ছে :

ক্রমিক	কৌশলগত পরিকল্পনা
১	চলমান আমানত প্রকল্পগুলো নতুনভাবে সাজানো এবং নতুন নতুন আমানত প্রকল্প চালু করা
২	চলমান বিনিয়োগ প্রকল্পগুলো নতুনভাবে সাজানো এবং নতুন নতুন বিনিয়োগ প্রকল্প চালু করা

SL	Strategic Plan
3	Strengthen Debit Card and introduction of Shariah Based Credit Card facility to enhance card business
4	Strengthen and make effective of offshore Banking unit
5	Expand non-funded and fee based business to increase income
6	Formation of integrated treasury function to increase profit from treasury operation
7	Strengthen risk-based internal audit (including Shariah audit) to add value to the risk management process in the Bank
8	Strengthen Marketing division to ensure success of new deposit and investment products
9	Strengthen MIS to ensure accurate, timely information
10	Attract, retain and develop people (staff) ensuring sound organizational development
11	Develop a governance manual to ensure proper office administration and Corporate governance
12	Create a 'Strategic Planning / Research & Development Unit'

ক্রমিক	কৌশলগত পরিকল্পনা
৩	কার্ড ব্যবসাকে সম্প্রসারণের জন্য ডেবিট কার্ডের উন্নয়ন করা এবং শরীয়াহ ভিত্তিক ক্রেডিট কার্ড চালু করা
৪	অফশোর ব্যাংকিং কার্যক্রম গতিশীল করা
৫	নন-ফান্ডেড ব্যবসা বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধি করা
৬	মুনাফা বৃদ্ধির জন্য ট্রেজারী ইউনিটকে শক্তিশালী করা
৭	ঝুঁকিভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা (শরীয়াহ নিরীক্ষাসহ) কার্যক্রম জোরদার করে ঝুঁকি ব্যবস্থাপনা কার্যকর করা
৮	নতুন আমানত ও বিনিয়োগ পণ্যের সফলতার জন্য বিপণন বিভাগকে শক্তিশালী করা
৯	সঠিক ও সময়মত তথ্য নিশ্চিত করার জন্য এমআইএস শক্তিশালী করা
১০	মানব সম্পদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে প্রতিষ্ঠানের উৎকর্ষ সাধন করা
১১	দক্ষ অফিস ব্যবস্থাপনা ও সুশাসন নিশ্চিতকল্পে ম্যানুয়াল প্রণয়ন করা
১২	কৌশলগত পরিকল্পনা/গবেষণা ও উন্নয়ন ইউনিট প্রতিষ্ঠা করা

SJIBL automation

Competition in the financial services sector has become intense, as bank compete with each other in providing better services and superior banking products to their customers. Faced with the challenges of threatened profit margins, higher customer expectations and competition, banks are driven towards distinguishing their services from that of their competitors. To meet the challenging market and customer demands, we need to strike a balance between customer service and management of business risks.

For Shahjalal Islami Bank Ltd., the key to success in such a demanding market situation is to be equipped with a proven and versatile IT solution, which has the capability of designing new products and services, coupled with the ability to access and manage information on a continuous real time basis. In view of the above, Shahjalal Islami Bank has implemented real time 24/7 Core Banking Solution called Bank Ultimus, an Integrated Shariah Banking Solution.

In line with the Core Banking Solution, Shahjalal Islami Bank Limited has successfully implemented Bangladesh Automated Cheque Processing System (BACPS), Bangladesh Electronic Fund Transfer Network (BEFTN), Real Time Gross Settlement (RTGS) and Sanction Screening Software as per Bangladesh Bank Guideline. For

এসজেআইবিএল অটোমেশন

গ্রাহকদের আন্তরিক এবং সর্বোৎকৃষ্ট সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংকগুলো পরস্পরের মধ্যে প্রতিযোগিতা শুরু করেছে আর এই প্রতিযোগিতা আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে আরো তীব্র হয়ে উঠেছে। আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলো মুনাফা অর্জনের পাশাপাশি তাদের সম্মানিত গ্রাহকবৃন্দের সর্বোচ্চ প্রত্যাশা পূরণের লক্ষ্যে স্বকীয়তা প্রমাণের প্রতিদ্বন্দ্বিতায় নিজেরাই পরস্পরের সাথে প্রতিযোগিতা করে আসছে। এমতাবস্থায়, প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বাজারে গ্রাহকবৃন্দের চাহিদা এবং ব্যবসায়িক ঝুঁকি পর্যালোচনা করে ব্যাংক ব্যবস্থাপনাকে সঠিক সিদ্ধান্তের মাধ্যমে সমন্বয়ের চ্যালেঞ্জ গ্রহণ করতে হয়।

এমন প্রতিযোগিতাপূর্ণ বাজারে শাহজালাল ইসলামী ব্যাংকের জন্য সাফল্যের চাবিকাঠি হল একটি পরীক্ষিত এবং বহুমুখী তথ্যপ্রযুক্তি ব্যবস্থায় সজ্জিত হওয়া, যা শুধু নতুন পণ্য ও সেবা প্রদান করাই নয়, উপরন্তু নিরবচ্ছিন্নভাবে তথ্যের আদান প্রদান এবং ব্যবস্থাপনা নিশ্চিত করার সামর্থ্য রাখে। এ জন্যই শাহজালাল ইসলামী ব্যাংক “ব্যাংক আল্টিমাস” নামে একটি রিয়েল টাইম অনলাইন এবং শরীয়াহ মতাদর্শ ভিত্তিক কেন্দ্রীয় ব্যাংকিং সেবা প্রতিষ্ঠা করেছে।

কোর ব্যাংকিং সেবার সাথে সমন্বয় রেখে এবং বাংলাদেশ ব্যাংকের বিধিমালা অনুসরণ করে শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড সফলতার সাথে “বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (বিএসপিএস)”, “বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (বিইএফটিএন)”, “রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (আরটিজিএস)” এবং “স্যাংশন স্ক্রিনিং সফটওয়্যার” বাস্তবায়ন করেছে। উত্তম গ্রাহক

betterment of Customers' services, Bank has expressed and deployed different channels like ATM, POS, Debit Cards, e-GP and WASA, DPDC, DESCO bill collection etc. services. Besides this, HRM, Leave Management, ACR, Payroll, goAML etc have been developed and successfully implemented for the bank. To make the Banking operation faster, easier, more efficient and even more effective to serve its valued customers on 24 hours a day, 365 days a year, Bank is providing the Internet Banking and SMS Service facilities.

Information and Communication Technology (ICT) encompasses the broad areas of data or information processing, transmission and communications by means of Information Technology and these modern tools are being increasingly used for banking information processing in the International Standard Data Centre. For smooth functioning of our Banking Operation, Bank has established a very strong and secured network system to ensure the consistency, Integrity and availability of Data. For better and quick communication among the employees as well as customers, Bank has established its own mailing corresponding system.

Now a days, in financial sector, especially in the banking sector security is one of the main concerns to protect from any kind of intrusion for both internal and external threats. In order to meet this objective, we have prepared an IT Security Policy as per Central Bank guideline which is used by the bank to accelerate in terms of information generation, utilization and applications.

Automated Teller Machine (ATM)

With the aim to provide 24/7 cash withdrawal facilities to the valued clients, Shahjalal Islami Bank Limited has established 50 ATMs at different important locations of the country. As a member of VISA International, the Bank is also connected through National Payment Switch, Bangladesh (NPSB) as well as Q-Cash Network. Through this shared network, the Bank is providing support to its customer to get access from any ATM of Bangladesh.

Shahjalal Islami Bank Limited is committed to establish more ATMs for smooth and convenient services of its cardholders.

Point of Sales (POS)

The valued cardholders can use their cards for dining, shopping and other utility purpose at any VISA labeled POS Terminals at home and abroad (for International Card only). The Bank is also providing support to its cardholders

সেবা নিশ্চিত করার লক্ষ্যে শাহজালাল ইসলামী ব্যাংক এটিএম, পওস, ডেবিট কার্ড, ই-জিপি এবং পানি ও বিদ্যুৎ বিল জমা নেয়ার মতো আরো অনেক প্রযুক্তির মাধ্যমে সেবা প্রদান নিশ্চিত করেছে। এছাড়াও মানব সম্পদ ব্যবস্থাপনা, কর্মী ছুটি ব্যবস্থাপনা, বার্ষিক কর্মী মূল্যায়ন, বেতন ব্যবস্থাপনা, গোএএমএল ইত্যাদি সফটওয়্যার ব্যাংক নিজস্ব ব্যবস্থাপনায় উন্নয়ন ও সফলভাবে ব্যবহার করেছে। সম্মানিত গ্রাহকদের আরো উন্নত, সহজ এবং নির্ভরযোগ্য একটি নিরবচ্ছিন্ন তথা দিনে ২৪ ঘন্টা ও বছরে ৩৬৫ দিন ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংকে ইন্টারনেট ব্যাংকিং এবং এসএমএস সেবা চালু হয়েছে।

ব্যাংকের তথ্য উপাত্ত প্রক্রিয়াকরণে যে সমস্ত ডাটা, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে তা আসলে তথ্য যোগাযোগ প্রযুক্তিরই একটি সর্বোৎকৃষ্ট রূপ এবং এর সঠিক ও নির্ভুল প্রক্রিয়াকরণ আন্তর্জাতিক মানসম্পন্ন ডাটা-সেন্টারে হয়ে থাকে। এ ছাড়াও ব্যাংকিং সেবাকে আরো নির্ভরযোগ্য এবং নিরবচ্ছিন্ন আর্থিক সেবা খাতে পরিণত করার লক্ষ্যে আমাদের ব্যাংক শক্তিশালী এবং সুরক্ষিত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছে, যা তথ্যের সঠিক ও সূষ্ঠ সুরক্ষণ এবং সহজলভ্যতার জন্য অতি প্রয়োজন। গ্রাহক এবং কর্মকর্তাগণের মধ্যে দ্রুত মনোভাব আদান প্রদানের লক্ষ্যে ব্যাংক তার নিজস্ব ইলেক্ট্রনিক মেইল ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছে।

সম্প্রতি আর্থিক সেবা তথা ব্যাংকিং খাতে বাহ্যিক এবং অভ্যন্তরীণ অনধিকার প্রবেশরোধ প্রযুক্তি এবং তথ্যের নিরাপত্তা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। নিরাপত্তার এ বিষয়টিকে সামনে রেখে বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণ করে ব্যাংক একটি সুরক্ষিত তথ্যপ্রযুক্তি নীতিমালা প্রণয়ন করেছে যা তথ্যের সুরক্ষণ এবং বাস্তবিক ব্যবহারকে সহজতর, সুরক্ষিত এবং সুসংগঠিত করেছে।

অটোমেটেড টেলার মেশিন (এটিএম)

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড গ্রাহকদের ২৪/৭ টাকা উত্তোলনের সুবিধার্থে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ৫০ টি এটিএম বুথ স্থাপন করেছে। ভিসা ইন্টারন্যাশনাল-এর সদস্য হিসেবে ব্যাংক ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (এনপিএসবি)-এর পাশাপাশি স্থানীয় কিউ-ক্যাশ নেটওয়ার্কের সাথেও যুক্ত রয়েছে। এই সহযোগী নেটওয়ার্কের মাধ্যমে ব্যাংকের এটিএম কার্ডধারীরা বাংলাদেশের যে কোন এটিএম থেকে এর সুবিধা পেয়ে থাকেন।

আমাদের কার্ড গ্রাহকদের নির্বিঘ্ন ও সুবিধাজনক সেবা দেয়ার জন্য আমরা আরও এটিএম স্থাপনে প্রতিজ্ঞাবদ্ধ।

পয়েন্ট অফ সেল্‌স (পওস)

ব্যাংকের সম্মানিত কার্ড গ্রাহকধারীরা রেস্তোরা, কেনাকাটা এবং বিভিন্ন ইউটিলিটি বিল পরিশোধে দেশে এবং বিদেশে (শুধুমাত্র আন্তর্জাতিক কার্ডের ক্ষেত্রে) ভিসা লোগো সম্বলিত টার্মিনালে তাদের কার্ড ব্যবহার করতে পারেন। ব্যাংকের ভিসা কার্ডধারীরা ন্যাশনাল

to do POS transactions at NPSB (National Payment Switch, Bangladesh) as well as at Q-Cash POS Network.

The “Card Support Center” is open for 365 days to provide support to valued cardholders.

Review of the Performance

During the year under review, the bank maintained the progress of business through its 93 branches. The operating profit before tax stood at Tk.1,757.80 million. Net profit attributable to shareholders reached to Tk. 1,290.49 million, return on average equity was 10.78 percent and Earning per Share (EPS) stood at 1.76. Non-performing investments (NPI) ratio was 6.47 percent. Capital adequacy of the Bank was 13.52 percent comprising maximum under Tier-I, which was above the stipulated rate of 10 percent. Out of deposit of Tk. 109,258.72 million, the bank could deploy Tk. 96,834.65 million in investment as on December 31, 2015. The Bank handled total Foreign exchange business of Tk. 172,074 million in the year 2015.

Regulatory Capital of the Bank

The Bank’s Capital is divided into two tiers i.e. Tier-I and Tier-II capital. Tier-I includes Paid-up Capital, Statutory Reserve and Retained Earnings. Tier-II includes Eligible General Provision on unclassified investments & Off-Balance Sheet items. The Authorized Capital of the Bank is Tk. 10,000 million and paid-up capital of the Bank is Tk. 7,347 million as on December 31, 2015. Total Regulatory Capital was Tk 13,355.23 million as on December 31, 2015. Comparative position of Capital for the year 2015 & 2014 is given below:-

Tier-I Capital (Going-Concern Capital):

		(Amount in million Taka)	
SL. No	Particulars	2015	2014
a)	Paid-up capital	7,346.88	7,346.88
b)	Statutory Reserve	3,942.34	3,590.78
c)	Retained Earnings	965.07	760.83
	Sub total	12,254.30	11,698.50

Tier-II Capital (Gone-Concern Capital)

SL. No	Particulars	2015	2014
a)	Eligible General Provision	1,100.93	1074.82
	Sub total	1,100.93	1074.82
	Total Equity	13,355.23	12,773.31

পেমেন্ট সুইচ বাংলাদেশ (এনপিএসবি) এবং যে কোন কিউ-ক্যাশ পওস নেটওয়ার্ক-এর মাধ্যমে পওস লেনদেন করতে পারেন।



ব্যাংকের “কার্ড সহায়তা কেন্দ্র” সম্মানিত কার্ড গ্রাহকদের সহায়তা প্রদানের লক্ষ্যে ৩৬৫ দিন-ই খোলা রয়েছে।

কর্মতৎপরতা পর্যালোচনা

আলোচ্য বছরে ব্যাংক তার ৯৩টি শাখার মাধ্যমে ব্যবসার সবক’টি দিকেই উন্নতি করেছে। আয়কর প্রদানের পূর্বে ব্যাংকটির অপারেটিং মুনাফা দাঁড়ায় ১,৭৫৭.৮০ মিলিয়ন টাকা। শেয়ারহোল্ডারবৃন্দের জন্য অর্জিত নীট মুনাফা দাঁড়ায় ১,২৯০.৪৯ মিলিয়ন টাকা, গড় রিটার্ন অন ইকুইটি শতকরা ১০.৭৮ ভাগ এবং শেয়ার প্রতি আয় (ইপিএস) দাঁড়ায় ১.৭৬ টাকা। শ্রেণীকৃত বিনিয়োগ অনুপাত দাঁড়ায় শতকরা ৬.৪৭ ভাগ। ব্যাংকটির মূলধন পর্যাপ্ততা শতকরা ১৩.৫২ ভাগ যা বেশিরভাগই টায়ার-১-এর অন্তর্ভুক্ত এবং যা আবশ্যিকীয় মূলধনের শতকরা ১০ ভাগের বেশী। ৩১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ব্যাংক ১,০৯,২৫৮.৭২ মিলিয়ন টাকা আমানতের বিপরীতে ৯৬,৮৩৪.৬৫ মিলিয়ন টাকা বিনিয়োগ করেছে। ২০১৫ সালে ব্যাংক মোট ১৭২,০৭৪.০০ মিলিয়ন টাকার বৈদেশিক ব্যবসা পরিচালনা করে।

ব্যাংকের বিধিবদ্ধ মূলধন

ব্যাংকের মূলধনকে টায়ার-১ এবং টায়ার-২ এ দু’ভাগে ভাগ করা হয়। পরিশোধিত মূলধন, রিজার্ভ ফান্ড এবং অবন্টিত মুনাফা টায়ার-১-এর অন্তর্ভুক্ত। অ-শ্রেণীকৃত বিনিয়োগ এবং অফ ব্যালেন্সশীট-এর উপর সংরক্ষিত উপযুক্ত সাধারণ সঞ্চিতি টায়ার-২-এর অন্তর্ভুক্ত। ৩১শে ডিসেম্বর, ২০১৫ তারিখে ব্যাংকের অনুমোদিত মূলধন ছিল ১০,০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৭,৩৪৭ মিলিয়ন টাকা। ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে ব্যাংকের মোট বিধিবদ্ধ মূলধনের পরিমাণ ছিল ১৩,৩৫৫.২৩ মিলিয়ন টাকা। ২০১৫ ও ২০১৪ সালের মূলধনের তুলনামূলক অবস্থান নিম্নরূপ :



Number of Shareholders

A large number of shareholders reposed their trust in our Bank's Shares. In the 2015, total number of Shareholders stood 63,480. The position of shareholders for last three years is shown below:

Year	Shareholders
2015	63,480
2014	82,713
2013	85,944

Net Asset Value (NAV)

The Net Asset Value per Share is always positive which indicates higher assets back up compare to per value. As a result, more investors has subscribed to Bank. Trend of NAV for last five years is given below:

Year	Net Asset Value (NAV)
2015	16.68
2014	15.92
2013	16.40
2012	17.33
2011	17.78

Capital Adequacy

Total Regulatory Capital of the Bank as on December 31, 2015 stood at Tk. 13,355.23 million which was Tk. 12,773.31 million as on December 31, 2014, registering 13.52% of the Risk weighted Assets as against the regulatory requirement of 10%.

শেয়ারহোল্ডারের সংখ্যা

আমাদের ব্যাংকের শেয়ারে বিপুলসংখ্যক শেয়ারহোল্ডারবৃন্দের অংশগ্রহণ-ই ব্যাংকের প্রতি তাঁদের আস্থার পরিচয় মেলে। ২০১৫ সালে সর্বমোট শেয়ারহোল্ডারের সংখ্যা ছিল ৬৩,৪৮০। গত ৩ বছরের তুলনামূলক চিত্র নিম্নে প্রদর্শিত হল :

নেট এ্যাসেট ভ্যালু (এনএভি)


ব্যাংকের শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু সর্বদাই ধনাত্মক ছিল যা সম্পদের আধিক্য নির্দেশ করে। যার ফলশ্রুতিতে ব্যাংকের শেয়ারে অধিক শেয়ারহোল্ডারবৃন্দ বিনিয়োগ করেন। বিগত ৫ বছরের নেট এ্যাসেট ভ্যালুর গতিধারা নিম্নে দেয়া হল :

মূলধন পর্যাাপ্ততা

৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে ব্যাংকের মোট বিধিবদ্ধ মূলধন দাঁড়ায় ১৩,৩৫৫.২৩ মিলিয়ন টাকা যা ৩১ ডিসেম্বর ২০১৪ সালে ছিল ১২,৭৭৩.৩১ মিলিয়ন টাকা। ব্যাংকের মূলধন সংরক্ষণের অনুপাত বুকি নির্ভর সম্পদের শতকরা ১৩.৫২ ভাগ, যা বিধি মোতাবেক মূলত শতকরা ১০ ভাগ রাখতে হয়।

The Tier-I capital was 12.40% of Risk weighted Assets as on 31st December 2015 as against requirement of 6.00%.

৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে টায়ার-১ মূলধন ঝুঁকি নির্ভর সম্পদের পরিমাণ ছিল শতকরা ১২.৪০ ভাগ; যার ন্যূনতম প্রয়োজনীয়তা ছিল শতকরা ৬ ভাগ।



Risk Based Capital Adequacy

The Bank has established Basel-III implementation Unit successfully and conducted some workshops with Executives and officers of the Bank both at Head office and Branch level. A comparative quantitative feature of Risk Weighted Assets (RWA) and Minimum Capital Requirement (MCR) for December quarter ended-2015 & 2014 under Basel-III & Basel-II respectively is furnished hereunder:

ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাঙ্কতা

ব্যাংক সাফল্যের সাথে ব্যাসেল-৩ বাস্তবায়ন ইউনিট স্থাপন করেছে এবং প্রধান কার্যালয় ও শাখা পর্যায়ের নির্বাহী ও কর্মকর্তাবৃন্দের জন্য কর্মশালার আয়োজন করেছে। ডিসেম্বর ২০১৫ এবং ডিসেম্বর ২০১৪ ভিত্তিক যথাক্রমে ব্যাসেল-৩ ও ব্যাসেল-২-এর ঝুঁকি নির্ভর সম্পদ এবং ন্যূনতম মূলধনের প্রয়োজনীয়তার অবস্থান নিম্নে দেয়া হলো :

Particulars	Tk. In Million	
	2015	2014
Regulatory Capital:		
1. Tier-1 (Going-Concern Capital)	12,254.30	11,698.50
2. Tier-2 (Gone-Concern Capital)	1,100.93	1,074.82
3. Tier-3 (eligible for market risk only capital)	N/A	-
Total Regulatory Capital (1+2+3)	13,355.23	12,773.31
Total Risk Weighted Assets (RWA)	98,789.57	93,820.40
Capital to Risk Weighted Assets Ratio (CRAR)	13.52%	13.61%
Tier-I Capital to RWA	12.40%	12.47%
Tier-II Capital to RWA	1.12%	1.14%
Minimum Capital Requirements (MCR)	9,878.96	9,382.04

Liabilities

Total liabilities (excluding equity) stood at Tk. 125,615 million at the end of 2015, which was 9.17% higher than the previous year's figure. Liabilities increased mainly due to increase in deposits.

দায়


২০১৫ সালের শেষে মোট দায় (ইকুইটি বাদে) দাঁড়িয়েছে ১২৫,৬১৫ মিলিয়ন যা পূর্ববর্তী বছরের তুলনায় ৯.১৭% বৃদ্ধি পেয়েছে। আমানত বৃদ্ধির কারণেই মূলত দায়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

Deposit

Total deposit of Shahjalal Islami Bank Limited stood at Tk. 109,258.72 million as on December 31, 2015 which was Tk. 98,601.32 million as on December 31, 2014. Deposit is the 'life-blood' of a Bank. Bank puts utmost importance in mobilization of deposits introducing a few popular and innovative schemes. The bank always tries to give the highest return on the deposits of the customers. The mobilized deposits are ploughed back in economic activities through profitable and safe investments.

The Deposit-mix of the Bank as on December 31, 2015 was as below:-

Sl.No	Nature of Deposit	Taka in million	Percentage of Total Deposit
1	Al-Wadia Current Deposit	5,421.31	4.96%
2	Mudaraba Savings Deposit	15,876.57	14.53%
3	Mudaraba Special Notice Deposit	3,638.01	3.33%
4	Mudaraba Term Deposit	41,842.09	38.30%
5	Mudaraba Schemes Deposit	33,634.21	30.78%
6	Other Deposits	8,846.53	8.10%
Total		109,258.72	100.00%



Total Assets

Bank's total asset as on December 31, 2015 stood at Tk. 137,870 million which was Tk. 126,758 million as on December 31, 2014. A major impact to this growth was the increase in Placement with other Banks & Financial Institutions by 104% i.e. from Tk. 4,234 million to Tk. 8,658 million. Investments and Balance with Bangladesh Bank & its Agent Bank also increased by 15.19% and 11.27% respectively.

আমানত

৩১ ডিসেম্বর, ২০১৫ সালে ব্যাংকের মোট আমানত দাঁড়ায় ১০৯,২৫৮.৭২ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী বছরের একই সময়ে ছিল ৯৮৬০১.৩২ মিলিয়ন টাকা। আমানত হল একটি ব্যাংকের জীবনীশক্তির মূল উপজীব্য, তাই আমাদের ব্যাংক নতুন আমানত প্রকল্প উদ্ভাবন করে আমানত বৃদ্ধিতে সর্বাধিক প্রচেষ্টা গ্রহণ করেছে। অত্র ব্যাংক সবসময় গ্রাহকবৃন্দের আমানতের বিপরীতে সর্বোচ্চ মুনাফা দিতে সচেষ্ট। ব্যাংক সঞ্চিত আমানত লাভজনক ও নিরাপদ বিনিয়োগ করে অর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করছে।

৩১-১২-২০১৫ ইং তারিখ ভিত্তিক আমানত সংশ্লিষ্টতার অবস্থা নিম্নরূপ :

মোট সম্পদ

৩১ ডিসেম্বর ২০১৫ সালে ব্যাংকের মোট সম্পদ ১৩৭,৮৭০ মিলিয়ন টাকা যেখানে পূর্ববর্তী বছরের একই সময়ে ছিল ১২৬,৭৫৮ মিলিয়ন টাকা। এই প্রবৃদ্ধির অন্যতম কারণ হচ্ছে অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে টাকা রাখা যা ১০৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪,২৩৪ মিলিয়ন টাকা থেকে ৮,৬৫৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিনিয়োগ এবং বাংলাদেশ ব্যাংকে স্থিতির পরিমাণ যথাক্রমে ১৫.১৯ ও ১১.২৭ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে।

Asset quality and non-performing investments


Non-performing investment was decreased by Tk. 351 million compared to the year 2014. The non-performing investment ratio was 6.47% as at the end of 2015 whereas it was 7.87% at the end of 2014.

Investment

Total investment of the Bank stood at Tk. 96,835 million as on December 31, 2015 as against Tk. 84,062 million as on December 31, 2014 registering an increase of Tk. 12,772 million, i.e. 15.19% growth. The Bank was very conscious & careful in deployment of investing fund. Mode wise investment portfolio as on December 31, 2015 is given below:

Sl. No	Modes of Investments	Taka in million	Percentage of Total Investment
1	Murabaha	8,399.34	8.67%
2	Bi-Muazzal	54,466.52	56.25%
3	Hire Purchase Shirkatul Meelk (HPSM)	17,117.34	17.68%
4	Ijara	676.45	0.70%
5	Bi-Salam	1,197.05	1.24%
6	Quard	17.74	0.02%
7	Bill purchased & discounted	7,164.80	7.40%
8	Others	7,795.41	8.05%
Total		96,834.65	100%

The Bank always entertains quality investment proposals having sound creditworthiness and good track record of customers. The Bank has also introduced some Investment Schemes to provide financial assistance to comparatively less advantaged group of people.




সম্পদের গুণগত মান এবং শ্রেণীকৃত বিনিয়োগ

২০১৫ সালে শ্রেণীকৃত বিনিয়োগের পরিমাণ ২০১৪ সালের চেয়ে ৩৫১ মিলিয়ন টাকা কমেছে। ২০১৫ সাল শেষে শ্রেণীকৃত বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে শতকরা ৬.৪৭ শতাংশ যা ২০১৪ সাল শেষে ছিল ৭.৮৭ শতাংশ।

বিনিয়োগ

৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে ব্যাংকের মোট বিনিয়োগ পূর্ববর্তী বছরের তুলনায় ১২,৭৭২ মিলিয়ন টাকা অর্থাৎ শতকরা ১৫.১৯ ভাগ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৯৬,৮৩৫ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী বছরে ছিল ৮৪,০৬২ মিলিয়ন টাকা। ব্যাংক বিনিয়োগের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করেছে। ৩১ ডিসেম্বর ২০১৫ ভিত্তিক বিভিন্ন খাতওয়ারী বিনিয়োগ ছিল নিম্নরূপ :

ব্যাংক সর্বদাই গুণগত মানে ভালো বিনিয়োগ প্রস্তাব এবং যে সকল গ্রাহকের ব্যবসায়িক সফলতা এবং ইতিবাচক ট্র্যাক রেকর্ড রয়েছে তাদেরকে গুরুত্ব দিয়ে থাকে। ব্যাংক অপেক্ষাকৃত কম সুযোগপ্রাপ্ত মানুষের জন্য কিছু বিনিয়োগ প্রকল্প গ্রহণ করেছে।




Division-wise Investment

Divisions	Horizontal Analysis				Vertical Analysis			
	Taka in Millions		Variance		Taka in Millions		Composition	
	2015	2014	2014/2013	2014/2013	2015	2014	2015	2014
Dhaka	70,632	64,455	9.58%	-5.06%	70,632	64,455	72.94%	76.68%
Chittagong	19,318	13,050	48.03%	7.36%	19,318	13,050	19.95%	15.52%
Sylhet	1,184	1,061	11.59%	-11.58%	1,184	1,061	1.22%	1.26%
Rajshahi	1,831	1,687	8.54%	77.95%	1,831	1,687	1.89%	2.01%
Rangpur	729	707	3.11%	-19.75%	729	707	0.75%	0.84%
Khulna	2,978	2,993	-0.50%	20.59%	2,978	2,993	3.08%	3.56%
Barisal	161	108	49.07%	-29.41%	161	108	0.17%	0.13%
Total	96,835	84,062	15.19%	-1.92%	96,835	84,062	100.00%	100.00%

Sector-wise Investment

Sectors	Horizontal Analysis				Vertical Analysis			
	Taka in Millions		Variance		Taka in Millions		Composition	
	2015	2014	2015/2014	2014/2013	2015	2014	2015	2014
Agriculture & Fishing	3,769	2,814	34%	278%	3,769	2,814	4%	3%
Cotton & Textile	8,113	6,216	31%	-16%	8,113	6,216	8%	7%
Garments	11,299	12,897	-12%	3%	11,299	12,897	12%	15%
Cement	2,060	737	179%	62%	2,060	737	2%	1%
Pharmaceuticals & Chemicals	2,379	1,162	105%	-15%	2,379	1,162	2%	1%
Real Estate	9,489	7,617	25%	0%	9,489	7,617	10%	9%
Transport	2,218	1,801	23%	0%	2,218	1,801	2%	2%
Information Technology	140	425	-67%	99%	140	425	0%	1%
Non Banking Financial Institutions	2,037	3,928	-48%	-20%	2,037	3,928	2%	5%
Steel & Engineering	4,120	2,497	65%	-39%	4,120	2,497	4%	3%
Food Processing & Beverage	8,240	3,852	114%	26%	8,240	3,852	9%	5%
Power & Energy	2,784	2,061	35%	-23%	2,784	2,061	3%	2%
Paper & Paper Products	1,515	1,426	6%	4%	1,515	1,426	2%	2%
Plastic & Plastic Product	1,731	1,197	45%	-22%	1,731	1,197	2%	1%
Electronics	1,524	1,099	39%	-23%	1,524	1,099	2%	1%
Services Industries	2,579	2,693	-4%	-16%	2,579	2,693	3%	3%
Trading	17,367	15,430	13%	42%	17,367	15,430	18%	18%
Import Financing	3,521	3,149	12%	-37%	3,521	3,149	4%	4%
Consumer Financing	90	42	114%	-47%	90	42	0%	0%
Share business	2,632	2,621	0%	0%	2,632	2,621	3%	3%
Staff Investment	843	795	6%	5%	843	795	1%	1%
Others	8,386	9,601	-13%	-20%	8,386	9,601	9%	11%
Total	96,835	84,062	15%	-2%	96,835	84,062	100%	100%




Foreign Exchange Business

Total Foreign Exchange Business handled during the year 2015 was Tk. 172,074 million as against Tk. 163,674 million of 2014 registering an increase of Tk. 8,400 million, i.e. 5.13% growth. The particulars of Foreign Exchange Business are given below:-

বৈদেশিক বাণিজ্য ব্যবসা

২০১৫ সালের মোট বৈদেশিক বাণিজ্য ব্যবসা পূর্ববর্তী বছরের তুলনায় ৮,৪০০ মিলিয়ন টাকা অর্থাৎ শতকরা ৫.১৩ ভাগ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১৭২,০৭৪ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ছিল ১৬৩,৬৭৪ মিলিয়ন টাকা। বৈদেশিক বাণিজ্যের সংক্ষিপ্ত বিবরণী নিম্নে দেয়া হলো :

Particulars	Amount in Million Taka		Growth		Composition	
	2015	2014	2015	2014	2015	2014
Import	85,959	83,731	2.66%	2.20%	49.95%	51.16%
Export	82,571	76,734	7.61%	-9.52%	47.99%	46.88%
Foreign Remittance	3,544	3,209	10.44%	24.24%	2.06%	1.96%
Total	172,074	163,674	5.13%	-3.33%	100.00%	100.00%



Operating Result

Income

Investment Income

Total Investment Income of the Bank stood at Tk. 10,509.98 million as on 31st December 2015 as against Tk. 11,364.31 million compare to that of the previous year. The amount of Investment Income represents 86.87% of the total income for the year 2015 as against 85.93% of the total income for the year 2014.

Non-Investment Income

Total Non-Investment Income of the Bank as at 31st December 2015 stood at Tk. 1,588.24 million as against TK. 1,861.03 million of the preceding year, which was 13.13% and 14.07% of the total income of the respective years.

Expenditure

Profit Paid on Deposits

Bank distributed Profit of Tk. 6,942.57 million among the Mudaraba Depositors in the year 2015 against Tk. 8,208.79 million in the year 2014 which being 66.06% of the Investment income earned from deployment of Mudaraba Fund and 71.42% of total Expenditure of 2015 as against 75.37% of total Expenditure of 2014.

Operating Expenses

Total operating expenses for the year 2015 was TK. 2,778.21 million whereas it was TK. 2,683.06 million for the year 2014. Total operating expenses was 28.58% of total Expenditure for the year 2015 as against 24.63% of 2014.

Operating Profit

During the year 2015, the Bank earned an amount of Tk. 12,098.22 million and spent an amount of Tk. 9,720.78 million, resulting a total Operating Profit of Tk. 2,377.44 million which increased by Tk. 43.95 million over that of last year. From the operating profit Tk. 431.43 million was kept as provision for investment, Tk. 31.06 million provision was kept for Off-Balance Sheets, Tk. 152 million provision was kept for diminution in value of investment in shares, Tk. 5.14 million provision was kept for other assets and then profit before tax stood at Tk. 1,757.80 million and deducting income taxes of Tk. 467.31 million, net profit after taxation stood at Tk. 1,290.49 million. As appropriation of net profit Tk. 351.56 million was transferred to statutory reserve as per Bank Company Act and Remaining Tk. 938.93 million was transferred to retained earnings.

পরিচালনা ফলাফল

আয়

বিনিয়োগ আয়

২০১৫ সালে মোট বিনিয়োগ আয়ের পরিমাণ দাঁড়ায় ১০,৫০৯.৯৮ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী সালে ছিল ১১,৩৬৪.৩১ মিলিয়ন টাকা। এই আয় ২০১৫ সালের মোট আয়ের ৮৬.৮৭ শতাংশ যা ২০১৪ সালে ছিল ৮৫.৯৩ শতাংশ।

বিনিয়োগ বহির্ভূত আয়

২০১৫ সালে মোট বিনিয়োগ বহির্ভূত আয় ছিল ১,৫৮৮.২৪ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী সালে ছিল ১,৮৬১.০৩ মিলিয়ন টাকা। এই আয় মোট আয়ের শতকরা ১৩.১৩ ভাগ যা ২০১৪ সালে ছিল শতকরা ১৪.০৭ ভাগ।

ব্যয়

আমানতের উপর লাভ প্রদান

২০১৫ সালে ব্যাংক ৬,৯৪২.৫৭ মিলিয়ন টাকা মুদারাবা সঞ্চয়কারীদের মধ্যে লাভ হিসেবে বন্টন করে যা ২০১৪ সালে ছিল ৮,২০৮.৭৯ মিলিয়ন টাকা এবং যা ২০১৫ সালে মুদারাবা আমানতকারীদের ফান্ড বিনিয়োগের মাধ্যমে অর্জিত আয়ের শতকরা ৬৬.০৬ ভাগ এবং মোট ব্যয়ের শতকরা ৭১.৪২ ভাগ যা ২০১৪ সালে ছিল মোট ব্যয়ের শতকরা ৭৫.৩৭ ভাগ।

পরিচালনা ব্যয়

২০১৫ সালে মোট পরিচালনা ব্যয় ছিল ২,৭৭৮.২১ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ছিল ২,৬৮৩.০৬ মিলিয়ন টাকা। এই ব্যয় মোট ব্যয়ের শতকরা ২৮.৫৮ ভাগ যা ২০১৪ সালে ছিল শতকরা ২৪.৬৩ ভাগ।

পরিচালনা মুনাফা


২০১৫ সালে ব্যাংক ১২,০৯৮.২২ মিলিয়ন টাকা আয় করে এবং ব্যয় করে ৯,৭২০.৭৮ মিলিয়ন টাকা। ফলে পরিচালনা মুনাফা দাঁড়ায় ২,৩৭৭.৪৪ মিলিয়ন টাকা যা বিগত সাল থেকে ৪৩.৯৫ মিলিয়ন টাকা বেশি। পরিচালনা মুনাফা থেকে ৪৩১.৪৩ মিলিয়ন টাকা বিনিয়োগ প্রভিশন, ৩১.০৬ মিলিয়ন টাকা অফ ব্যালেন্সশীট প্রভিশন এবং ১৫২ মিলিয়ন টাকা শেয়ারের মূল্যহ্রাসের জন্য প্রভিশন এবং ৫.১৪ মিলিয়ন টাকা অন্যান্য সম্পদ-এর জন্য প্রভিশন করে করপূর্ব লাভ দাঁড়ায় ১,৭৫৭.৮০ মিলিয়ন টাকা যা থেকে ৪৬৭.৩১ মিলিয়ন টাকা আয়কর সংস্থানের পর কর-পরবর্তী লাভ দাঁড়ায় ১,২৯০.৪৯ মিলিয়ন টাকা। অতঃপর ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ অনুযায়ী সংবিধিবদ্ধ রিজার্ভে ৩৫১.৫৬ মিলিয়ন টাকা স্থানান্তরের পর বাকী ৯৩৮.৯৩ মিলিয়ন টাকা রিটেইন্ড আর্নিং হিসেবে স্থানান্তর করা হয়েছে।

A summary of operating result of the bank as on December 2015 vis-a-vis the position of December, 2014 is shown below:-

২০১৫ এবং ২০১৪ সালের পরিচালনা মুনাফার একটি সংক্ষিপ্ত সার নিম্নে প্রদত্ত হল :

(Amount in Million Taka)

Particulars	2015	2014
Total Income	12,098.22	13,225.34
Less: Total Expenditure	9,720.78	10,891.85
Net Profit before Provision & Taxation	2,377.44	2,333.49
Less: Provision for Investment, Off Balance Sheets, Shares & others	619.63	1,557.50
Net profit before Taxation	1,757.81	775.99
Less: Provision for Taxation	467.31	28.78
Net Profit	1,290.50	747.21
Appropriation:		
Statutory Reserve	351.56	155.20
Retained Earnings	938.93	592.01



Contribution to National Exchequer

The Bank has made provision of Tk. 480.80 million for corporate tax in 2015 against 48.81 million in 2014. The bank has also contributed to the economy by generating employment of 2,156 full time officials. In the year 2015, Bank has paid Tk. 1,490.75 million to Government exchequer as source tax, salary tax, VAT, excise duty and other tax & VAT realized against various services. In the intermediation process, the Bank has mobilized resources of Tk. 109,258.72 million from the surplus economic unit and deployed Tk. 96,834.65 million in 2015.

The Bank has generated direct and indirect employment for a large number of people over the years. With the payment of taxes and the investment in the network, the Bank is making a significant contribution to the development and growth of the nation.

জাতীয় কোষাগারে অবদান

২০১৫ সালের কর্পোরেট আয়করের জন্য ব্যাংক ৪৮০.৮০ মিলিয়ন টাকা প্রভিশন করে যা ২০১৪ সালে ছিল ৪৮.৮১ মিলিয়ন টাকা। ব্যাংক ২,১৫৬ জন নিয়মিত কর্মকর্তাকে নিয়োগ দানের মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদান রেখেছে। ২০১৫ সালে ব্যাংক কর্তনকৃত উৎসে কর ও বিভিন্ন ব্যাংকিং সেবার বিপরীতে ভ্যাট আদায়পূর্বক ১,৪৯০.৭৫ মিলিয়ন টাকা সরকারী কোষাগারে প্রদান করেছে। অন্তর্বর্তীকালীন সময়ে ব্যাংক ২০১৫ সালে উদ্বৃত্ত অর্থনৈতিক খাত থেকে ১০৯,২৫৮.৭২ মিলিয়ন টাকা আহরণপূর্বক ৯৬,৮৩৪.৫৬ মিলিয়ন টাকা বিনিয়োগ প্রদান করেছে।

বিগত বছরগুলোতে ব্যাংক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করেছে। আয়কর পরিশোধ ও বিনিয়োগ বিস্তৃতির মাধ্যমে ব্যাংকটি জাতীয় উন্নয়ন ও প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

Dividend

The Board of Directors of the Bank has recommended cash dividend @ 13% i.e. Tk.1.30 for each share for the year 2015. Over the last years, Board of Directors declared dividends out of profit to shareholders at good rates. The rates of dividend declared by Bank since 2011 are shown below:

Year	Dividend (%)
2015	13 (Cash)
2014	10 (Cash)
2013	10 (Stock)
2012	20 (Stock)
2011	25 (Stock)

Preparation of Financial Statements

The financial statements of the Bank prepared by the management presents fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity under the historical cost convention and in accordance with the First Schedule (Section-38) of the Bank Companies (amendment) Act 2013, related Bangladesh Bank circulars, Bangladesh Accounting Standard (BAS) and Bangladesh Financial Reporting Standard (BFRS), the Companies Act 1994, the listing regulations of the Stock Exchanges, the Securities and Exchange Rules 1987 and other laws and rules applicable in Bangladesh.

The financial statements of 2015 have been reviewed by the Audit Committee of the Board of Directors of the Bank and then referred to the Board of Directors for its consideration. The external auditor, M/s. ACNABIN, Chartered Accountants appointed by the shareholders, have certified the fairness of the financial statements for the year ended 31 December 2015.

Maintaining Proper Books of Account

Shahjalal Islamic Bank Limited has maintained proper books of account for its financial transactions occurred during 2015. The books of account have also been reviewed by the external auditor, M/s. ACNABIN, Chartered Accountants with an opinion that proper books of accounts as required by the law have been properly maintained.

লভ্যাংশ

ব্যাংকের পরিচালনা পর্ষদ ২০১৫ সালের জন্য শেয়ারহোল্ডারবৃন্দকে ১৩ শতাংশ হারে নগদ লভ্যাংশ অর্থাৎ প্রতিটি শেয়ারের বিপরীতে নগদ ১.৩ টাকা প্রদান করার সুপারিশ করেছেন। বিগত বছরগুলোতে পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারবৃন্দের জন্য মুনাফা হতে ভালো হারে লভ্যাংশ ঘোষণা করেছেন। ২০১১ সাল হতে লভ্যাংশ ঘোষণার হার নিম্নরূপ :

আর্থিক বিবরণী প্রস্তুতকরণ

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত ব্যাংকের আর্থিক হিসাব বিবরণীতে ব্যাংকের আর্থিক অবস্থা, অপারেটিং ফলাফল, নগদ প্রবাহ বিবরণী এবং ইকুইটি পরিবর্তনের বিবরণী সঠিকভাবে প্রতিফলিত হয়েছে। উক্ত হিসাব বিবরণীটি হিস্টোরিক্যাল কস্ট কনভেনশন এবং ব্যাংক কোম্পানী (সংশোধিত) আইন ২০১৩-এর প্রথম তফসিল (ধারা-৩৮), বাংলাদেশ ব্যাংকের সার্কুলারসমূহ, বাংলাদেশ হিসাবমান ও বাংলাদেশ আর্থিক প্রতিবেদন মান, কোম্পানী আইন ১৯৯৪, স্টক এক্সচেঞ্জ তালিকাভুক্তি বিধিমালা, সিকিউরিটিজ এক্সচেঞ্জ বিধি ১৯৮৭ এবং প্রযোজ্য অন্যান্য আইন ও নীতিমালা অনুযায়ী প্রস্তুত করা হয়েছে।

এছাড়াও ২০১৫ সালের আর্থিক বিবরণী ব্যাংকের অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়ে পরিচালনা পর্ষদের বিবেচনার জন্য উপস্থাপন করা হয়। ব্যাংকে শেয়ারহোল্ডার কর্তৃক নিয়োগপ্রাপ্ত বহিঃ নিরীক্ষক মেসার্স একনবিন, চার্টার্ড একাউন্ট্যান্টস কর্তৃক ৩১ ডিসেম্বর ২০১৫ সালে সমাপ্ত বছরের আর্থিক বিবরণীটি সঠিকভাবে প্রতিফলিত হয়েছে মর্মে প্রত্যয়ন করেছেন।

হিসাব সংরক্ষণ

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড ২০১৫ সালের সকল আর্থিক লেনদেনের তথ্য যথাযথভাবে সংরক্ষণ করেছে। এই হিসাব বহিসমূহ বহিঃনিরীক্ষক মেসার্স একনবিন, চার্টার্ড একাউন্ট্যান্টস, পর্যালোচনা করেছেন এবং তা আইন অনুযায়ী যথাযথভাবে সংরক্ষিত হয়েছে বলে প্রত্যয়ন করেছেন।

Appropriate Accounting Policies

Appropriate accounting policies have been consistently applied, except for the changes disclosed in the financial statements in preparation of financial statements and that the accounting estimates are based on reasonable and prudent judgement. Bank records financial transaction on accrual basis with required disclosures and also prepares the financial statements accordingly.

Internal Control and Compliance

Internal Control refers to the tools that provide a reasonable assurance regarding the achievement of Bank's goal with respect to:

- Effectiveness and efficiency of operation.
- Safeguarding the assets of the bank.
- Compliance of applicable laws and regulations, policy & procedures issued by both Bank and the regulators

The above issues show significance of effective internal control of a bank in the light of traditional activities. But in the context of residual risk under SRP, internal control has now become much more significant.

Keeping such significance in view, Shahjalal Islami Bank Limited has strengthened and segregated its Internal Control and Compliance Division into three separate units based on the relative guidelines framed by Bangladesh Bank:

1. Audit and Inspection
2. Compliance
3. Monitoring

Shahjalal Islami Bank Limited has an Internal Control and Compliance Manual which has been lastly updated and approved by the competent authority on July 26, 2015. The current manual contains Risk Assessment Methodology which has been designed to conduct Risk Base Internal Audit.

Statement of Directors' Responsibility to establish appropriate system of internal control

The Directors acknowledge their overall responsibilities for the Bank's system of internal control for establishing efficiency, effectiveness, reliability, timeliness, completeness and compliance with applicable laws and regulations. This process involved a conformation that a system of internal control in accordance with best financial reporting practice was in place throughout the year and up to the date of the signing of these financial statements.

হিসাব নীতিমালা

আর্থিক বিবরণী প্রণয়নের ক্ষেত্রে সঠিক হিসাব নীতিমালা ধারাবাহিকভাবে অনুসরণ করা হয়েছে এবং ব্যতিক্রমসমূহও আর্থিক বিবরণীতে প্রকাশ করা হয়েছে। যথোপযুক্ত বিচক্ষণতার সাথে হিসাব অনুমানগুলো বিবেচনায় নেয়া হয়েছে। ব্যাংক বকেয়া নীতি অনুসরণ করে লেনদেন হিসাবায়ন ও আর্থিক বিবরণী প্রস্তুত করছে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এমন কিছু কৌশলের নির্দেশ করে যা নিম্নোক্ত বিষয়সমূহের মাধ্যমে ব্যাংকের লক্ষ্য অর্জনে পরিমিত নিশ্চয়তা প্রদান করে।

- পরিচালনাগত দক্ষতা ও কার্যকারিতা।
- ব্যাংকের সম্পদের সুরক্ষা।
- ব্যাংক ও নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ কর্তৃক জারীকৃত প্রযোজ্য আইন ও নিয়মাবলী, নীতি ও পদ্ধতিসমূহের পরিপালন।

উপরোক্ত বিষয়সমূহ প্রচলিত কর্মপদ্ধতির আলোকে ব্যাংকের কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের তাৎপর্য তুলে ধরে। তবে এসআরপি এর অধীনে অতিরিক্ত ঝুঁকি-এর বিবেচনায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বর্তমানে আরও অধিকতর তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে।

এরূপ তাৎপর্য বিবেচনায় রেখে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড তার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগকে তিনটি পৃথক ইউনিটের মাধ্যমে পরিচালনা করছে :

১. নিরীক্ষা ও পরিদর্শন
২. পরিপালন ও
৩. মনিটরিং

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড একটি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল প্রণয়ন করেছে। এটি হালনাগাদ করা হয়েছে এবং জুলাই ২৬, ২০১৫ তারিখে এটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। এই হালনাগাদ ম্যানুয়েলে ঝুঁকি নির্ধারণ পদ্ধতি অন্তর্ভুক্ত, যা প্রণয়ন করা হয়েছে ঝুঁকিভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপনে পরিচালকবৃন্দের দায়বদ্ধতা

পরিচালকবৃন্দের সার্বিক দায়িত্ব হলো ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় যাতে করে দক্ষতা, কার্যকারিতা, বিশ্বাসযোগ্যতা, সময়ানুবর্তিতা, পরিপূর্ণতা এবং প্রযোজ্য আইন ও নিয়মাবলী পরিপালন নিশ্চিত হয়। এই প্রক্রিয়ায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর হওয়ায় সারা বছর ব্যাপী সর্বোত্তম আর্থিক হিসাবায়ন হয় যা বার্ষিক আর্থিক প্রতিবেদনে প্রতিফলিত হয়।

Going Concern

After reviewing the company's present and potential business growth, annual budget, performance, liquidity position, plans and financing arrangement, the Directors are satisfied that the company has adequate resources to continue to operate in the foreseeable future and confirm that there is no material issue threatening to the going concern of the Bank. For this reason Directors continue to adopt the going concern basis in preparing these financial statements. There are no significant doubts upon the Bank's ability to continue as a going concern.

Credit Rating

Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has made a rating on Shahjalal Islami Bank Limited. In their report on 19 May 2016, they rated the Bank as AA3 for long term and ST-2 for short term. CRAB performed the rating surveillance based on audited financial statement up to 31st December 2015 and other relevant information. The long-term rating is valid for only one year and short-term rating is for six months.

Auditor's Report

The Board of Directors reviewed the Auditors Report issued by the Bank's auditor M/s ACNABIN, Chartered Accountants based on their audit of financial statements for the year ended 31 December 2015. The auditor didn't mention about any material misstatement or significant disagreement regarding review of the Bank's financial statements. The Board also reviews the auditors' suggestion which auditor provides through a separate management report and gives the strategic guidelines to the management for improvement.

Appointment of Auditors

As per Dhaka Stock Exchange (Listing) Regulation, 2015, Notification dated 30 June 2015, an auditor of a listed company cannot be appointed for more than three consecutive years. M/s ACNABIN, Chartered Accountants was the auditor of the Bank since the year 2013. As 2015 was the third year of audit, a new auditor is to be appointed for the year 2016.

Section 210 of the Companies Act, 1994 gives authority to the shareholders to fix the appointment of the auditor and its remuneration. A new Chartered Accountants firm will be appointed as the auditor of the bank for the year 2016 subject to the approval of the shareholders in the upcoming Annual General Meeting.

চলমান নীতি

ব্যাংকের বর্তমান এবং ভবিষ্যৎ প্রবৃদ্ধি, বার্ষিক বাজেট, কর্মতৎপরতা, তারল্য, পরিকল্পনা এবং বিনিয়োগ ব্যবস্থাপনা পর্যালোচনা করে পরিচালকবৃন্দ সন্তোষ প্রকাশ করেন যে ভবিষ্যতে সফলভাবে এগিয়ে যাওয়ার জন্য যথেষ্ট সক্ষমতা ব্যাংকের রয়েছে এবং এমন কোন প্রতিবন্ধকতা নেই যা ব্যাংকের চলার পথে অন্তরায় হবে। এজন্য আর্থিক বিবরণী প্রস্তুতে চলমান নীতি অনুসরণ করা হয়েছে। ব্যাংকের চলমান ধারার সামর্থ্য কোন উল্লেখযোগ্য সন্দেহ নেই।

ক্রেডিট রেটিং

ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিমিটেড (ক্র্যাব) শাহজালাল ইসলামী ব্যাংক-এর রেটিং করেছে। ২০১৬ সালের ১৯ মে তাদের প্রদত্ত রিপোর্টে ব্যাংককে দীর্ঘমেয়াদে এএ৩ এবং স্বল্পমেয়াদে এসটি-২ রেটিং প্রদান করেছে। ক্র্যাব ৩১ ডিসেম্বর ২০১৫ সালের আর্থিক বিবরণী ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাবলীর ভিত্তিতে এই রেটিং প্রদান করেছে। দীর্ঘ মেয়াদী রেটিং এক বছরের জন্য এবং স্বল্পমেয়াদী রেটিং ছয় মাসের জন্য বহাল থাকবে।

নিরীক্ষকের প্রতিবেদন

২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আর্থিক প্রতিবেদনের উপর ব্যাংকের বহিঃনিরীক্ষক মেসার্স একনবিন, চার্টার্ড একাউন্টেন্টস, যে নিরীক্ষা প্রতিবেদন তৈরী করেন তা পরিচালনা পর্ষদ কর্তৃক পর্যালোচিত হয়। ব্যাংকের প্রস্তুতকৃত আর্থিক প্রতিবেদন পর্যালোচনায় বহিঃনিরীক্ষক একমত প্রকাশ করেছেন। বহিঃনিরীক্ষক কর্তৃক প্রদেয় পৃথক ব্যবস্থাপনা প্রতিবেদনের সুপারিশসমূহ পরিচালনা পর্ষদ পর্যালোচনা করেন এবং তা হতে উত্তরণের জন্য ব্যবস্থাপনাকে কৌশলগত নির্দেশনা প্রদান করেন।

নিরীক্ষক নিয়োগ

ঢাকা স্টক এক্সচেঞ্জ বিধিমালা (তালিকাভুক্তি) ২০১৫, নোটিফিকেশন তারিখ ৩০ জুন ২০১৫ অনুযায়ী, তালিকাভুক্ত কোম্পানির নিরীক্ষক ধারাবাহিকভাবে তিন বছরের বেশি সময়ের জন্য নিয়োগ প্রাপ্ত হতে পারবে না। চার্টার্ড একাউন্ট্যান্টস মেসার্স একনবিন ২০১৩ সাল থেকে ব্যাংকের নিরীক্ষক হিসেবে আছেন। ২০১৫ সাল ছিল তাদের তৃতীয় নিরীক্ষিত বছর, তাই ২০১৬ সালের জন্য নতুন নিরীক্ষক নিয়োগ দিতে হবে।

কোম্পানী আইন ১৯৯৪-এর ধারা ২১০ অনুযায়ী শেয়ারহোল্ডারদের কোম্পানির নিরীক্ষক নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণের ক্ষমতা দেয়া হয়েছে। আগামী বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে বহিঃনিরীক্ষক ফার্মকে ব্যাংকের ২০১৬ সালের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হবে।

Future Outlook of the Bank

Going towards 2016, there are considerable challenges surrounding Bangladesh.

Considering the overall macroeconomic and geo-political outlook, significant pressure is expected on banking sector margins in the wake of low benchmark rates and limited financing opportunities. Accordingly Our Bank intends to focus on building and maintaining quality investment portfolio and to enhance its focus on customer service quality and major cost rationalization initiatives through continuous improvement in automation and product innovations.

Similarly, Our Bank intends to focus on low cost core deposit mix in future by effectively utilizing our extensive branch network and new upcoming initiatives like the launch of Mobile Banking. Our Bank is confident that the above initiatives shall enable it to maintain a stable performance trend going forward.

From the Bank's perspective the focus will be provision of value added services via operational expansion and technological improvements. Effectiveness of the Bank's risk management systems, capitalisation on low cost liability franchise, disciplined expense growth, expansion of our capital base and strengthened compliance culture are primary factors in depicting continued strong financial soundness. Effective leadership with a clear vision is the key element of long term sustainability leading to highest levels of employee satisfaction and our aim is to build cohesive teams and strong ethical standards. We will strive to enhance our domestic as well as global image to take the Bank from strong to stronger.

Vote of Thanks

The Board of Directors expresses its profound gratitude to Almighty Allah (SWT) for enabling the Bank to achieve growth in operation during the year 2015. The Board extends thanks to the Ministry of Finance, Bangladesh Bank, Bangladesh Securities & Exchange Commission and the Government Agencies for providing assistance, guidance, support and cooperation at various stages of operation of the Bank. The Board appreciates the support and cooperation received from foreign correspondents of the Bank all over the world.

ব্যাংকের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

২০১৬ সালে বাংলাদেশে উল্লেখযোগ্য চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে।

সামষ্টিক অর্থনীতি ও ভূ-রাজনৈতিক পরিস্থিতি বিবেচনা করে সীমিত মুনাফা এবং সীমিত অর্থায়নের সুযোগের কারণে ব্যাংকিং সেক্টরের মার্জিনের উপর উল্লেখযোগ্য প্রভাবের আশঙ্কা করা হচ্ছে। সে অনুসারে আমাদের ব্যাংক বিনিয়োগ বৃদ্ধি ও গুণগত মানের উপর দৃষ্টি দিচ্ছে এবং ধারাবাহিক স্বয়ংক্রিয়করণের উন্নয়ন ও নতুন সেবা উদ্ভাবনের মাধ্যমে উন্নত গ্রাহক সেবা ও খরচের যৌক্তিককরণের দিকে দৃষ্টি দিচ্ছে।

একইভাবে আমাদের ব্যাপক শাখা নেটওয়ার্ক-এর মাধ্যমে এবং নতুন পদক্ষেপ যেমন মোবাইল ব্যাংকিং প্রচলনের মাধ্যমে আমাদের ব্যাংক স্বল্পখরচের গ্রাহক আমানত মিশ্রণে মনোনিবেশ করছে। আমাদের ব্যাংক আত্মবিশ্বাসী যে, উল্লিখিত পদক্ষেপের মাধ্যমে ব্যাংকটি ভবিষ্যতে ধারাবাহিক উন্নয়নে সক্ষম হবে।

ব্যাংকের কার্যধারা সম্প্রসারণে প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে গ্রহণযোগ্য সেবা প্রদানের জন্য গুরুত্ব দিচ্ছে। শক্তিশালী আর্থিক বিচক্ষণতা অর্জনের প্রধান উপাদান হলো ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকারিতা, স্বল্পমূল্যের দায়ের মাধ্যমে মূলধনায়ন, নিয়মতান্ত্রিক খরচ প্রবৃদ্ধি, শক্তিশালী মূলধন কাঠামো এবং নিয়মনীতির যথাযথ পরিপালন, সুস্পষ্ট ভিশন নিয়ে কার্যকর নেতৃত্বই দীর্ঘমেয়াদী স্থায়িত্বের মূল উপাদান যা কর্মকর্তা এবং কর্মচারীদের সর্বোচ্চ সম্মতি এবং পারস্পরিক আন্তরিকতা ও নৈতিক মূল্যবোধ অর্জনে সহায়ক। আমরা দেশীয় ও আন্তর্জাতিক অঙ্গনে ব্যাংককে অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে আন্তরিকভাবে সচেষ্ট হব।

ধন্যবাদ জ্ঞাপন

২০১৫ সালে ব্যাংক ব্যবসায় প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হওয়ায় পরিচালনা পর্ষদ মহান আল্লাহ্ তা'আলার নিকট গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। ব্যাংকের কার্যক্রমের সকল ক্ষেত্রে সহযোগিতা, পরামর্শ এবং সমর্থনের জন্য পর্ষদ অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং সকল সরকারী সংস্থাসমূহকে ধন্যবাদ জানাচ্ছে। বিশ্বব্যাপী বৈদেশিক করেসপন্ডেন্টদেরকেও তাদের সাহায্য ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছে।

The members of the Board of Shahjalal Islami Bank Limited take this opportunity to express gratitude and extend sincere thanks to its valued shareholders, customers, depositors, investment clients and well-wishers for their valuable support and confidence reposed on the Bank.

Finally and more importantly, the Board would like to express its great appreciation and thanks to all of the officials of the Bank for rendering untiring efforts.

May Allah grant us courage, dedication, patience and fortitude to run the bank to the best of our abilities.

Ameen.

On behalf of the Board of Directors



A. K. Azad
Chairman

Dated: 24 April 2016, Dhaka

ব্যাংকের পরিচালনা পর্ষদ সম্মানিত শেয়াহোল্ডারবৃন্দ, সম্মানিত গ্রাহক, আমানতকারী, বিনিয়োগ গ্রাহক ও শুভাকাঙ্ক্ষীদেরও ব্যাংকের প্রতি তাঁদের মূল্যবান সমর্থন ও আস্থা জ্ঞাপনের জন্য জানাচ্ছে আন্তরিক কৃতজ্ঞতা।

পরিশেষে পর্ষদ ব্যাংকের সকল কর্মকর্তা কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমের জন্য তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে।

মহান আল্লাহ্ তা'আলা আমাদের ব্যাংককে আরও সফলভাবে পরিচালনা করতে সর্বোচ্চ শক্তি, সাহস, উৎসাহ, ধৈর্য্য ও সামর্থ্য দান করুন।

আমীন!

পরিচালনা পর্ষদের পক্ষে



এ. কে. আজাদ
চেয়ারম্যান

তারিখ : ২৪ এপ্রিল ২০১৬ ঢাকা